Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

# Islamic parenting


তত্ত্বাবধায়নেঃ

মুফতি: মুজিবুর রহমান

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

মাছুমা বিনতে হাসান

রোলঃ 228021511


২০ মে, ২০২৫ ইং

Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

## রিসার্চের বিষয়ঃ

## Islamic parenting

এই রিপোর্ট টি ইসলামিক অনালাইন মাদ্রাসার ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজের একটি আনুসাঙ্গিক রিপোর্ট।

তত্ত্বাবধায়নেঃ

মুফতি: মুজিবুর রহমান

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

মাছুমা বিনতে হাসান

রোলঃ 228021511

Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

### প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, “ Islamic parenting ” বিষয়ক গবেষণাপত্র টি আমার তত্ত্বাবধানে ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্ট থেকে মাছুমা বিনতে হাসান, আইডিঃ 228021511 বিচক্ষনতার সাথে সম্পন্ন করেছেন।

(স্বাক্ষর)

তত্ত্বাবধায়নেঃ

মুফতি: মুজিবুর রহমান
রিসার্চ ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

(স্বাক্ষর)

এক্সটারনালঃ

মাও: আরমান হোসাইন
কুরআন ট্রান্সলেশন ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

# ঘোষণাপত্র

আমি নিম্নস্বাক্ষরকারী এ মর্মে ঘোষণা করছি যে, " Islamic parenting " শিরোনামে এই গবেষণাপত্র ইসলামিক অনলাইন মাদ্রাসার (Islamic Online Madrasah – IOM) ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের মুফতি: মুজিবুর রহমান উস্তাদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও নির্দেশনায় সম্পন্ন করেছি। অন্য কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে কোন প্রকার ডিগ্রি/ডিপ্লোমা অর্জনের জন্য বা প্রকাশের জন্য গবেষণাপত্র সম্পূর্ণ কিংবা এর অংশবিশেষ উপস্থাপন করা হয়নি।

আমি আরও ঘোষণা করছি যে, এই গবেষণা কর্মটি আমার নিজস্ব মৌলিক রচনা। আমার জানা মতে ইতিপূর্বে আর কোন ব্যক্তি এই শিরোনামে কোন গবেষণাপত্র রচনা করেননি।

(স্বাক্ষর)

তারিখঃ

২০ মে, ২০২৫ ইং

**মাছুমা বিনতে হাসান**

আইডিঃ 228021511

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ।

ইসলামিক অনলাইন মাদ্রাসা।

## সূচিপত্র

সূচনা: ....................................................................................................5
ইসলামিক প্যারেন্টিং পর্যায়: .............................................................................7
ইসলামে অভিভাবকত্বের গুরুত্ব ও সন্তানের সাথে আচরণের মৌলিক বিষয়সমূহ: ..........11
সন্তানের প্রতি পিতা-মাতার কর্তব্য..................................................................12
সন্তানদের শিষ্টাচার শিক্ষা দেয়া: ....................................................................19
সন্তান আল্লাহর নিআমত : চাই যথাযথ তালীম-তারবিয়াত.......................................22
সন্তানদের নিয়ে কেমন ছিলেন নবী ? ...............................................................33
লুকমান (আ) এর উপদেশ..............................................................................37
সন্তানকে নিয়ে হযরত ইবরাহীম আ.-এর স্বপ্ন ......................................................38
কিছু বেসিক করণীয়: ....................................................................................43
আমরা আমাদের সন্তানদের কাছ থেকে যা চাই......................................................44
সন্তানের অধিকার.........................................................................................44
আখিরাতে সন্তানদের লাঞ্ছনার মাধ্যম হতে দেবেন না ............................................44
মসজিদ ও উলামায়ে কেরামকে ভালোবাসা............................................................45
সালাহ.......................................................................................................46
পরিষ্কার-পরিচ্ছন্নতা......................................................................................47
শিষ্টাচার ও চরিত্র .........................................................................................47
আরো কিছু সুন্নাহ.........................................................................................49
সন্তানের মাঝে তুলনা না করা ..........................................................................50
সন্তানের জন্য কীভাবে উত্তম দুয়া করতে পারি? .....................................................54
ইসলামে পিতামাতা কী?.................................................................................56
ইসলামে পিতামাতার প্রধান নীতিমালা...............................................................57
পিতামাতা সম্পর্কে কুরআন কী বলে? ..................................................................61

পিতামাতার প্রতি ভবিষ্যদ্বাণীমূলক ঐতিহ্য........................................................64

পরিবারে ভালোবাসা:........................................................................................66

খাদিমাহ দের সাথে ভালো ব্যবহার সম্পর্কে সন্তান কে আদেশ করা ..............................67

প্রেম এবং বোধগম্যতার সাথে শাসন করুন:..................................................................68

কৃতজ্ঞতার শক্তি: ...............................................................................................68

তাদের ঘুমানোর সময় নবীদের এবং ইসলামের প্রাথমিক যুগের গল্প বলুন:....................70

তাদের সাথে সময় কাটান:......................................................................................71

একটি উৎসাহব্যঞ্জক এবং সহায়ক পরিবেশ গড়ে তুলুন:................................................72

সৃজনশীলতাকে উৎসাহিত করুন: ..........................................................................73

বয়ঃসন্ধিকালে এবং কিশোর বয়সে সন্তানকে সহায়তা করুন: .......................................75

আমাদের সন্তানকে বারবার ফিলি স্তিনের ইতিহাস শুনাবো, তাকে বারবার বলব কেন আমরা ফিলি স্তিনকে ভালোবাসি— .........................................................................78

পেরেন্টিং এর ক্ষেত্রে ইসলামিক ভাবে সন্তান লালন পালন না করার ক্ষতির দিকগুলো ...81

# সূচনা:

পৃথিবীতে যত ভালোবাসা রয়েছে সকল ভালোবাসার পেছনে স্বার্থ জড়িত রয়েছে। একমাত্র নিঃস্বার্থ ভালোবাসা হলো সন্তানের প্রতি পিতা-মাতার ভালোবাসা। এ ভালোবাসার তাগিদেই প্রতিটি মানুষ তাঁর সন্তানের শান্তি, স্বস্তি ও সুখ্যাতির জন্য জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত প্রানন্তকর প্রচেষ্টা চালিয়ে যায়। এটাই হলো মানুষের ফিতরাত বা স্বভাব।

আর ইসলাম ফিতরাতের ধর্ম, স্বভাব ধর্ম। তাই ইসলাম চায় মানুষের এই স্বভাব ধর্মকে স্থায়ী রুপ দিতে। তার চিন্তা-চেতনাকে এই ক্ষণস্থায়ী জীবনের সীমিত পরিসরে না রেখে আরও সম্প্রসারিত করে দুনিয়ার জগত ছেড়ে আলামে বারযাখ হয়ে আখিরাতে নিয়ে যেতে। তাই ইসলামের আবেদন হলো – তুমি তোমার ও তোমার পরিবারবর্গ বিশেষত সন্তানাদিকে শুধু দুনিয়ার কষ্ট থেকে বাচাবার চিন্তা করো না। কেবল দুনিয়ার সুখ-শান্তি সমৃদ্ধির কামনা করো না। বরং কবরের আযাব থেকে কীভাবে বাঁচবে, জাহান্নামের শাস্তি থেকে কীভাবে নাজাত পাবে তার জন্য প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহন করো।

আল্লাহ তা’য়ালা ইরশাদ করেন-
“হে মুমিন গন! তোমরা নিজেদেরকে এবং তোমাদের পরিবার পরিজনকে সেই অগ্নি থেকে রক্ষা করো যার ইন্ধন হবে মানুষ ও প্রস্তর। যাতে নিয়োজিত আছে পাষান হৃদয় ও কঠোর স্বভাবের ফেরেস্তাগন। তারা আল্লাহ তা’য়ালা যা আদেশ করেন তা অমান্য করে না এবং যা আদেশ করা হয় তাই করে।”
সূরা তাহরীমঃ০৬

এ আয়াত দ্বারা বুঝা যায় মানুষ দুনিয়ার ব্যাপারে যেমন কেবল নিজে বাঁচার চিন্তা করে শেষ করে না। বরং সন্তানাদিকেও বাঁচাবার চেষ্টা করে। দুনিয়ার কোন দুঃখ যেন নিজেকে, নিজের সন্তানাদিকে কোন অবস্থাতে স্পর্শ না করে সে জন্য যেমন প্রানান্তর চেষ্টা করে, ঠিক তেমনিভাবে আখিরাতের ব্যাপারে ঐ একই চেষ্টা করতে হবে। যেন কোন অবস্থাতেই তাদেরকে জাহান্নামের আগুন স্পর্শ করতে না পারে। অনেক লোক দেখা যায় মাশাআল্লাহ ভাল দীনদার, নামাজি, মসজিদে প্রথম কাতারে নামাজ পড়ে। তাকবীরে উলা ধরার চেষ্টা করে , তাহাজ্জুদ, নফল, আওয়াবীন, চাশত, ইশরাক সবই পড়ে। কিন্তু দেখা গেল ছেলে নামাজ পড়ে না মেয়ে পর্দা করে না স্ত্রী শরিয়ত মোতাবেক চলে না। এতে তার কোন চিন্তা-অস্থিরতা নেই। কোন মাথা ব্যাথা নেই; বরং তারা জবাব দেয়, পরিবেশ খারাপ, যামানা খারাপ, ছেলে মেয়ে কথা শুনে না। এ ধরনের বিভিন্ন রকমের কথাই আমরা বলি। এক

দু’বার আদেশ করেই মনে করি আমার দায়িত্ব শেষ। অথচ নবীদের দিকে তাকালে দেখা যায় হযরত নূহ (আ.) তার ছেলে কেলানকে নয়শ বছর একাধারে দাওয়াত দিয়েছিলেন। তাতেও তিনি ক্ষান্ত হননি; বরং যখন আল্লাহর পক্ষ থেকে ঘোষণা আসলো- ”হে নূহ! নিশ্চয়ই সে তোমার পরিবারভুক্ত নয়। নিশ্চয়ই সে দূরাচার। সুতরাং আমার কাছে এমন দরখাস্ত করবে না , যা তুমি জানো না। আমি তোমাকে উপদেশ দিচ্ছি যে , তুমি অজ্ঞদের দলভুক্ত হবে না।” তখন হযরত নূহ (আ.) দাওয়াত বন্ধ করে দিলেন এবং এর পরেই সে ধংস্ব হয়ে গেল। আর আমরা এক দু’বার আদেশ করেই মনে করি আমার দায়িত্ব শেষ হয়ে গিয়েছে। আসলে বিষয়টা এতো সহজ নয়। এতো সহজে দায়িত্ব থেকে অব্যাহতি পাওয়া যাবে না।

আমরা কথায় বলি-জামানা খারাপ, পরিবেশ খারাপ, সমাজ খারাপ আসলে কোনটাই খারাপ নয়; বরং আমাদের স্বভাবই খারাপ। তাই একটি সুস্থ সমাজ জাতি কে উপহার দিতে হলে একটা সুস্থ পরিবার গড়ে তোলার কোন বিকল্প নেই। আর সুস্থ ও সভ্য পরিবার গড়ে তুলতে হলে সন্তান লালন-পালনে ইসলাম আমাদের যে হিদায়াত, যে দিকনির্দেশনা দিয়েছে সে অনুযায়ী ধারাবাহিক তা’লীম-তারবিয়্যাত ও প্রশিক্ষনের মাধ্যমে আমাদের সন্তানদের কে আদর্শ সন্তান রুপে গড়ে তুলতে হবে। তাহলে এ সন্তান দ্বারা আমাদের মুখ উজ্জ্বল হবে। আল্লাহ’র দরবারেও আমাদেরকে জবাবদিহি করতে হবে না।

আমাদের সন্তানরা আল্লাহর পক্ষ থেকে একটি আমানাহ। আমাদের মুসলিম সন্তানদের আমরা যে শ্রেষ্ঠ উপহার দিতে পারি তা হল সঠিক লালন-পালন। কিন্তু পিতামাতা হিসাবে আমরা সকলেই একমত হতে পারি যে অভিভাবকত্ব বিভ্রান্তিকর এবং ভয়ঙ্কর হতে পারে কারণ শিশুরা জন্ম থেকে কিছু শিখে আসে না। সর্বোপরি, প্রতিটি শিশু ভিন্ন ভিন্ন পিতামাতা হিসাবে আমাদের কাজকে আরও কঠিন করে তোলে। অভিভাবকত্ব সত্যিই সবচেয়ে কঠিন কাজ। তাই পিতামাতারা এই পৃথিবীতে এবং পরকালে সফল হতে পারে এমন শিশুদের লালন-পালনের জন্য ইসলামিক অভিভাবকত্ব পদ্ধতি অনুসরণ করতে হবে।

ইসলাম আমাদের সন্তানদের লালন-পালনের জন্য পিতামাতার জন্য কিছু চমৎকার দিকনির্দেশনা দিয়েছে। ইসলামিক ভাবে একটা শিশু বেড়ে উঠলে দুনিয়াতে ও আখেরাতে সফল হবে এবং বাবা মা হিসেবে তারা উভয় দিক এই দায়িত্ব পালনে সফল হবে ।

“তাদের সাথে প্রথম সাত বছর (তাদের জীবনের) খেলা; তারপর পরবর্তী সাত বছর তাদের শেখান; অতঃপর পরবর্তী সাত বছর (এবং তার পরে) জন্য তাদের উপদেশ দাও।"

- হযরত মোহাম্মদ (সাঃ)

## ইসলামিক প্যারেন্টিং পর্যায়:

প্রথম সাত বছর (0-7)

এই সময় শিশুকে খেলতে দেওয়া কিন্তু আমাদের সন্তানের সাথে একটি দৃঢ় সংযোগ গড়ে তোলার জন্য অভিভাবকত্বের হাতা গুটিয়ে নেওয়ার। এই হল গঠনের বছর যখন একটি শিশু প্রতিনিয়ত পারিপার্শ্বিক পরিবেশ দ্বারা প্রভাবিত হয় এবং পর্যবেক্ষণ করে শেখে। শিশুরা বড়দেরকে অনুসরণ করে বেশি চলে ।

শিশুরা তাদের পিতামাতাকে যে কারও চেয়ে বেশি অনুকরণ করে। আপনি যদি আপনার সন্তানের মধ্যে কোনো অবাঞ্ছিত আচরণ খুঁজে পান, তাহলে পরীক্ষা করে দেখুন যে আপনি, আপনার স্ত্রী বা একজন পরিচর্যাকারী আপনার সন্তানের সামনে একই আচরণ করেছেন কিনা। সভাবগতই শিশুরা বড়দের প্রতিটা স্টেপ খেয়াল করে শিখে তাই অভিবাবক হিসেবে তাদের সামনে সবসময় ভালো আচরণ টা দেখানো প্রত্যেক বাবা মার দায়িত্ব ।

এটা হল ভিত্তি বছর, যে ভিত্তি থেকে তাদের সাথে সম্পর্ক বৃদ্ধি পায়। যদি এটি শিলা কঠিন হয়, বাকি বছরগুলি অনেক সহজ হবে। যদি এই ভিত্তিটি খারাপভাবে গঠন করে তবে পরবর্তী বছরগুলি আরও চ্যালেঞ্জিং হবে।

পরবর্তী সাত বছর (7-14)

একবার শিশুরা সাত বছর পূর্ণ হলে, তারা যৌক্তিক যুক্তি এবং ইসলামী নীতিশাস্ত্রের জন্য প্রস্তুত হয়। এটি এমন সময় যখন শিশুরা তাদের বড়দের কথা পালন করে , আপনি যা কিছু দেখান, শেখান এবং বলুন সব কিছু মেনে নিতে প্রস্তুত হয়।

লালন-পালনের দ্বিতীয় পর্যায় হল তাদের ধর্মনিরপেক্ষ ও ধর্মীয় জ্ঞান, হালাল বনাম হারাম, এবং তাদের যা জানা দরকার তা শেখানোর সময়।

তাদেরকেও খেলাধুলা শেখান;

রাসুল (সাঃ) বলেছেন: "তোমাদের সন্তানদের সাঁতার, তীরন্দাজ এবং ঘোড়ায় চড়া শেখাও।" তাই তাদেরও খেলাধুলা শেখান। দলগত কাজ, নেতৃত্ব, খেলাধুলা এবং শারীরিক সুস্থতা সহ খেলাধুলার অনেক সুবিধা রয়েছে।

এই পর্যায়ে, শিশুরা অল্পবয়সী এবং তারা এখনও শেখার প্রক্রিয়ার মধ্যে রয়েছে কোনটি সঠিক এবং কোনটি ভুল। সন্তানকে কীভাবে আচরণ করতে হবে, কীভাবে তার পরিবেশ বাছাই করতে হবে এবং সেই পরিবেশে কোন ধরনের লোকেদের দ্বারা পূরণ করতে হবে তা নির্ধারণ করা পিতামাতার দায়িত্ব, যাতে তারা তাদের জন্য সবচেয়ে ভালো কাজটি পালন করে যেতে পারে।

সীমানা না থাকলে সমাজ বিশৃঙ্খল হয়ে পড়বে। একইভাবে, শিশুদের তাদের আচরণের নির্দেশনা দেওয়ার জন্য একটি সীমার সেট প্রয়োজন, যা শিশুদের কাজ এবং আচরণ করার স্বাধীনতা দেয়। যদি তারা না জানে যে সীমানা কি তাহলে তারা জানে না কোনটি গ্রহণযোগ্য এবং কোনটি নয়।

শিশুদের যদি আগে থেকে সঠিক ও ভালো আচরণ শেখানো হয়, তাহলে তাদের সীমানার মধ্যে কাজ করার নির্দেশিকা থাকবে এবং তারা বিস্মিত ও বিভ্রান্ত হবে না।

পিতামাতা হিসাবে, পরিবারের প্রত্যেকের জন্য নিয়ম এবং সীমানা নির্ধারণ করুন (নিজের সহ!) এবং আপনার সন্তানদের কেন তাদের মানতে হবে তা ব্যাখ্যা করার যত্ন নিন। শিশুরা যৌক্তিক যুক্তি পছন্দ করে, তাই আপনি শান্তভাবে ব্যাখ্যা করার সময় তাদের প্রশ্ন করতে দিন। শিশুরা অনেক প্রশ্ন করে এইটা স্বভাবগত । তাই তারা যখন প্রশ্ন করে তাদের প্রশ্নের সুন্দর করে ব্যাক্ষা দিলে তারা সেটা তাদের মস্তিষ্কে ধারণ করে ।

চূড়ান্ত সাত বছর (14-21)

একবার আপনার সন্তানের বয়স 14 (বা বয়ঃসন্ধি) হলে, শিশুরা স্বাধীনতা অর্জন করে এবং তারা তাদের নিজস্ব ব্যক্তিত্ব বিকাশ করে।

এই সংকটময় বছরগুলিতে, তাদের সাথে বন্ধুত্ব করুন, তাদের পরামর্শ দিন এবং আপনি যা করতে পারেন তা করুন; বুঝতে হবে যে তারা এখন ইসলাম অনুসারে পূর্ণ প্রাপ্তবয়স্ক, এবং সঠিক বা ভুল বাছাই তাদেরই। পিতামাতা হিসাবে, আমাদের দায়িত্ব তাদের পরামর্শ দেওয়া। এই সময়টায় একটা সন্তান এর শারীরিক মানসিক অনেক চেঞ্জ আসে যা তারা অনেক সময় লজ্জায় তাদের অভিবাবক কে বলতে দ্বিধাবোধ করে । পিতা মাতা হিসেবে তাদের সাথে এই সময় আন্তরিকতার সাথে তাদের সমস্যা গুলো সমাধান করে দিতে হবে।

আমি আন্তরিকভাবে প্রার্থনা করি যে আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা আমাদের প্রত্যেককে আমাদের সন্তানদের সাথে একটি বিশ্বস্ত সম্পর্ক স্থাপন করার জন্য নির্দেশনা দেন এবং আমরা তাদের বিশ্বস্ত আস্থাভাজন, সেই উপদেষ্টা, সেই ব্যক্তি হতে পারি যখন তাদের সাহায্য বা পরামর্শের প্রয়োজন হয়; হতে পারে যে "ঠান্ডা" মা বা বাবা যাকে তারা ভালোবাসে সম্মান করে ।

আমি আমাদের জীবনের সমস্ত দিনের জন্য আমাদের সন্তানদের সাথে একটি ঘনিষ্ঠ, প্রেমময়, সুখী এবং পরিপূর্ণ সম্পর্ক এবং জান্নাতুল ফিরদাউসে তাদের সাথে পুনরায় মিলিত হওয়ার জন্য প্রার্থনা করি। আমীন।

মুসলিম বাবা-মায়েদের এটা উপলব্ধি করা উচিত যে সন্তান আল্লাহর দেওয়া নেয়ামত। যদি আপনি আপনার সন্তানদের ইসলামের শিক্ষা অনুযায়ী ভালোভাবে লালন-পালন করেন, তাহলে আপনি আল্লাহর প্রতি কৃতজ্ঞ। বিপরীতে, যদি আপনি আপনার সন্তানকে এবং তাদের সঠিক লালন-পালনের প্রতি অবহেলা করেন, তাহলে আপনি আল্লাহর প্রতি অকৃতজ্ঞ।

জন্মের সাথে সাথেই করণীয়_

নতুন বাবা-মাকে অভিনন্দন জানানো

- ডান কানে আজান, বাম কানে ইকামত দেওয়া
- তাহনীক করা
- সপ্তম দিনে মাথা মুণ্ডন করা, চুলের ওজনের সমান সদকা আদায় করা
- সপ্তম দিনে আক্বীকাহ দেওয়া
- একটি ভাল নাম রাখা

১.তোমার সন্তান জন্মগ্রহণ করলে আযান দাও :

তার ডান কানে ফিসফিসিয়ে আজান দাও। তোমার সন্তানের একটি সুন্দর এবং অর্থপূর্ণ নাম রাখো। মহানবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) দুটি নাম প্রস্তাব করেছিলেন, আবদুল্লাহ এবং আবদুর রহমান। [1]

২.আকিকা করুন:

৭ম দিনে আকিকা করা হয়। মাথার চুল কামিয়ে ফেলুন এবং কুরবানী করুন, যা একটি ছাগল বা ভেড়া হতে পারে। ছেলেদের জন্য ২টি আর মেয়েদের জন্য ১টি ছাগল দিয়ে আকীকা করা ।

৩.কালেমা তাইয়্যিবা শেখান:

শিশু যখন কথা বলতে শুরু করে, তখন তাকে সর্বপ্রথম কালেমা তাইয়্যিবা শেখান। এটি হল লা ইলাহা ইল্লাল্লাহ, মুহাম্মাদুর রাসূলুল্লাহ যার অর্থ, "আল্লাহ ছাড়া কোন উপাস্য নেই এবং মুহাম্মদ আল্লাহর নবী।" তাদের এটি মুখস্থ করতে এবং প্রায়শই আবৃত্তি করতে উৎসাহিত করুন। তাদের এর অর্থ এবং এই সংক্ষিপ্ত বাক্যটির অর্থ কী তা শেখান।
বড় হওয়ার সাথে সাথে তাদের বুঝতে হবে যে, একমাত্র সৃষ্টিকর্তা আছেন, যিনি আল্লাহ নামে পরিচিত এবং তাদের জীবনের চূড়ান্ত উদ্দেশ্য হল আল্লাহর ইবাদত করা, আল্লাহর বিধিবিধান হুকুম আহকাম পালন করা ।

তাদের অবশ্যই এই সত্যটি দিনের পর দিন স্মরণ করিয়ে দিতে হবে এবং তাদের জিহ্বা, হৃদয়, চিন্তাভাবনা, কর্ম এবং সমগ্র সত্তা দিয়ে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার ইবাদত করতে হবে।
আপনার সন্তানদের , মৃত্যুর পর বিচারের দিনে ঘটবে এমন ঘটনা সম্পর্কে শিক্ষা দিন এবং তাদের জান্নাত অর্জনের দিকে মনোনিবেশ করতে উৎসাহিত করুন।
সন্তানকে বুঝতে হবে যে বিশ্বাসী হিসেবে আমাদের জান্নাতের নেয়ামত উপভোগ করার সুযোগ আছে, কিন্তু তারা বড় হওয়ার সাথে সাথে আমাদের তাদের সতর্ক করতে হবে যে আমরা যদি বিশ্বাস না করি বা আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার চাওয়া ত্যাগ স্বীকার না করি

তাহলে কী হবে। সন্তানদের আল্লাহর ৯৯টি নাম শিক্ষা দেওয়া , যাতে তারা তাঁর গুণাবলী আরও ভালোভাবে বুঝতে পারে এবং যখনই তারা আল্লাহকে স্মরণ করে তখন "সুবহানাহু ওয়া তা'আলা" (তিনি মহিমান্বিত ও মহিমান্বিত) বলতে বাধ্য হয়।

## ইসলামে অভিভাবকত্বের গুরুত্ব ও সন্তানের সাথে আচরণের মৌলিক বিষয়সমূহ:

মুসলিম প্যারেন্টিং এর সর্বপ্রথম কাজ হলো সন্তান কে ইসলাম সম্পর্কে তার দ্বীন সম্পর্কে জানানো বুঝানো এবং শেখানো। বেশির ভাগ ফ্যামিলি বাচ্চাকে প্রথমে দ্বীন এর বদলি দুনিয়া শেখায় ফলে সেই বাচ্চাটা তার ধর্ম তার দায়িত্ব তার আল্লাহ্ এর প্রতি হুকুম গুলো জানতে পারেনা যার ফলে জীবনের অনেক টা সময় সে তার রব কে ভালো ভাবে জানতে পারেনা । মুসলমান হিসেবে আমাদের সর্বপ্রথম কাজ আল্লাহ্ কে চিনা তার হুকুম মেনে সে অনুযায়ী আমল করা আর সন্তানদের ও সেভাবে পরিচালনা করা অভিভাবক হিসেবে এই দায়িত্ব পালন করা ফরজ । ঠিকমতো সেই দায়িত্ব পালন না করলে সন্তান একসময় বাবা মা কে এসব এর জন্য দোষী বানায়।

يَاَيُّهَا الَّذِيۡنَ اٰمَنُوۡا قُوۡۤا اَنۡفُسَكُمۡ وَاَهۡلِيۡكُمۡ نَارًا وَّقُوۡدُهَا النَّاسُ وَالۡحِجَارَةُ عَلَيۡهَا مَلٰٓئِكَةٌ غِلَاظٌ شِدَادٌ لَّا يَعۡصُوۡنَ اللّٰهَ مَاۤ اَمَرَهُمۡ وَيَفۡعَلُوۡنَ مَا يُؤۡمَرُوۡنَ ۝

হে মু’মিনগণ ! তোমরা নিজেদেরকে এবং তোমাদের পরিবার-পরিজনকে রক্ষা কর দোযখ হতে, যার ইন্ধন হবে মানুষ ও প্রস্তর, যাতে নিয়োজিত আছে নির্মমহৃদয়, কঠোরস্বভাব ফেরেশতাগণ, যারা অমান্য করে না তা, যা আল্লাহ্ তাদেরকে আদেশ করেন। আর তারা যা করতে আদিষ্ট হয় তাই করে।

—আত তাহরীম - ৬

فَبِمَا رَحۡمَةٍ مِّنَ اللّٰهِ لِنۡتَ لَهُمۡ ۚ وَلَوۡ كُنۡتَ فَظًّا غَلِيۡظَ الۡقَلۡبِ لَانۡفَضُّوۡا مِنۡ حَوۡلِكَ ۪ فَاعۡفُ عَنۡهُمۡ وَاسۡتَغۡفِرۡ لَهُمۡ وَشَاوِرۡهُمۡ فِى الۡاَمۡرِ ۚ فَاِذَا عَزَمۡتَ فَتَوَكَّلۡ عَلَى اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ يُحِبُّ الۡمُتَوَكِّلِيۡنَ ۝

অর্থঃ

(হে নবী! এসব ঘটনার পর) আল্লাহর রহমতই ছিল, যদ্দরুন তাদের প্রতি তুমি কোমল আচরণ করেছ। তুমি যদি রূঢ় প্রকৃতির ও কঠোর হৃদয় হতে, তবে তারা তোমার আশপাশ থেকে সরে বিক্ষিপ্ত হয়ে যেত। সুতরাং তাদেরকে ক্ষমা কর, তাদের জন্য মাগফিরাতের দু'আ কর এবং (গুরুত্বপূর্ণ) বিষয়ে তাদের সাথে পরামর্শ করতে থাক। অতঃপর তুমি যখন (কোন বিষয়ে) মনস্থির করবে, তখন আল্লাহর উপর নির্ভর করো। নিশ্চয়ই আল্লাহ তাওয়াক্কুলকারীদেরকে ভালোবাসেন।

সুতরাং এই আয়াতে পিতামাতার তাদের সন্তানদের প্রতি বেশ কিছু আদেশ রয়েছে:

ভদ্র হোন।
অভদ্র হবেন না কারণ অভদ্র হওয়া মানুষকে দূরে সরিয়ে দেবে।
শিশুকে ক্ষমা করে দিন।
ছেলেমেয়েদের নিয়ে ভাবনাচিন্তা করেন।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের প্রত্যেকেই রাখাল এবং তাকে তার মেষপাল সম্পর্কে জিজ্ঞাসিত করা হবে। একজন মানুষ তার পরিবারের অভিভাবক এবং তাদের জন্য দায়িত্বশীল; একজন নারী তার স্বামীর ঘরের (এবং সন্তানদের) অভিভাবক এবং তাদের প্রতি দায়িত্বশীল। (সহীহ বুখারী, ৫১৮৮)

## সন্তানের প্রতি পিতা-মাতার কর্তব্য

আল-কুরআন

সন্তানকে তাওহীদ শিক্ষা দেওয়া:

وَ اِذۡ قَالَ لُقۡمٰنُ لِابۡنِهٖ وَ هُوَ یَعِظُهٗ یٰبُنَیَّ لَا تُشۡرِکۡ بِاللّٰهِ ؕؔ اِنَّ الشِّرۡکَ لَظُلۡمٌ عَظِیۡمٌ

আর স্মরণ কর, যখন লুকমান তার পুত্রকে উপদেশ দিতে গিয়ে বলেছিল, 'প্রিয় বৎস, আল্লাহর সাথে শিরক করো না; নিশ্চয় শিরক হল বড় যুলম। (৩১. লুকমান ১৩)

সন্তানকে দ্বীন শিক্ষা দেওয়া:

يٰبُنَيَّ اَقِمِ الصَّلٰوةَ وَ اْمُرْ بِالْمَعْرُوْفِ وَ انْهَ عَنِ الْمُنْكَرِ وَ اصْبِرْ عَلٰى مَاۤ اَصَابَكَ ؕ اِنَّ ذٰلِكَ مِنْ عَزْمِ الْاُمُوْرِ

হে আমার প্রিয় বৎস, সালাত কায়েম কর, সৎকাজের আদেশ দাও, অসৎকাজে নিষেধ কর এবং তোমার উপর যে বিপদ আসে তাতে ধৈর্য ধর। নিশ্চয় এগুলো অন্যতম দৃঢ় সংকল্পের কাজ। (৩১. লুকমান ১৭)

সন্তানকে আদব বা শিষ্টাচার শিক্ষা দেওয়া:

وَ لَا تُصَعِّرْ خَدَّكَ لِلنَّاسِ وَ لَا تَمْشِ فِی الْاَرْضِ مَرَحًا ؕ اِنَّ اللّٰهَ لَا یُحِبُّ كُلَّ مُخْتَالٍ فَخُوْرٍ. وَ اقْصِدْ فِیْ مَشْیِكَ وَ اغْضُضْ مِنْ صَوْتِكَ ؕ اِنَّ اَنْكَرَ الْاَصْوَاتِ لَصَوْتُ الْحَمِیْرِ

আর তুমি মানুষের দিক থেকে তোমার মুখ ফিরিয়ে নিয়ো না। আর যমীনে দম্ভভরে চলাফেরা করো না; নিশ্চয় আল্লাহ কোন দাম্ভিক, অহঙ্কারীকে পছন্দ করেন না। আর তোমার চলার ক্ষেত্রে মধ্যপন্থা অবলম্বন কর, তোমার আওয়াজ নীচু কর; নিশ্চয় সবচাইতে নিকৃষ্ট আওয়াজ হল গাধার আওয়াজ। (৩১. লুকমান ১৮-১৯)

সন্তানদেরকে আল্লাহর অবাধ্যতা থেকে বিরত রাখা:

یٰۤاَیُّهَا الَّذِیْنَ اٰمَنُوْا قُوْۤا اَنْفُسَكُمْ وَ اَهْلِیْكُمْ نَارًا وَّ قُوْدُهَا النَّاسُ وَ الْحِجَارَةُ عَلَیْهَا مَلٰٓئِكَةٌ غِلَاظٌ شِدَادٌ لَّا یَعْصُوْنَ اللّٰهَ مَاۤ اَمَرَهُمْ وَ یَفْعَلُوْنَ مَا یُؤْمَرُوْنَ

হে ঈমানদারগণ, তোমরা নিজেদেরকে ও তোমাদের পরিবার-পরিজনকে আগুন হতে বাঁচাও যার জ্বালানি হবে মানুষ ও পাথর; যেখানে রয়েছে নির্মম ও কঠোর ফেরেশতাকূল, আল্লাহ তাদেরকে যে নির্দেশ দিয়েছেন তারা সে ব্যাপারে তার অবাধ্য হয় না। আর তারা তা-ই করে যা তাদেরকে আদেশ করা হয়। (৬৬. তাহরীম ০৬)

সন্তানের জন্য দুআ করা:

وَ الَّذِیْنَ یَقُوْلُوْنَ رَبَّنَا هَبْ لَنَا مِنْ اَزْوَاجِنَا وَ ذُرِّیّٰتِنَا قُرَّةَ اَعْیُنٍ وَّ اجْعَلْنَا لِلْمُتَّقِیْنَ اِمَامًا

আর যারা বলে, হে আমাদের রব, আপনি আমাদেরকে এমন স্ত্রী ও সন্তানাদি দান করুন যারা আমাদের চক্ষু শীতল করবে। আর আপনি আমাদেরকে মুত্তাকীদের নেতা বানিয়ে দিন। (২৫. ফুরকান ৭৪)

সন্তান এর পিতার পরিচয়ে বংশপরিচয় নির্ধারিত হবে:

﴿ادْعُوهُمْ لِآبَائِهِمْ هُوَ أَقْسَطُ عِندَ اللَّهِ ۚ فَإِن لَّمْ تَعْلَمُوا آبَاءَهُمْ فَإِخْوَانُكُمْ فِي الدِّينِ وَمَوَالِيكُمْ ۚ وَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ فِيمَا أَخْطَأْتُم بِهِ وَلَٰكِن مَّا تَعَمَّدَتْ قُلُوبُكُمْ ۚ وَكَانَ اللَّهُ غَفُورًا رَّحِيمًا

পালক পুত্রদেরকে তাদের পিতার সাথে সম্পর্কিত করে ডাকো। এটি আল্লাহর কাছে বেশী ন্যায়সংগত কথা। আর যদি তোমরা তাদের পিতৃ পরিচয় না জানো, তাহলে তারা তোমাদের দীনী ভাই এবং বন্ধু। না জেনে যে কথা তোমরা বলো সেজন্য তোমাদের পাকড়াও করা হবে না, কিন্তু তোমরা অন্তরে যে সংকল্প করো সেজন্য অবশ্যই পাকড়াও হবে। আল্লাহ ক্ষমাকারী ও দয়াময়। (সুরা আহযাব ৫)

আল-হাদিস

সন্তান ভূমিষ্ঠ হওয়ার পর তার কানে আযান দেয়া:

عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي رَافِعٍ، عَنْ أَبِيهِ، قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَذَّنَ فِي أُذُنِ الْحَسَنِ بْنِ عَلِيٍّ حِينَ وَلَدَتْهُ فَاطِمَةُ بِالصَّلَاةِ

উবাইদুল্লাহ ইবনু আবূ রাফি (রা.) সূত্রে বর্ণিত, তিনি বলেন, ফাতিমাহ (রা.) যখন আলী (রা.)-এর পুত্র হাসান (রা.)-কে প্রসব করলেন, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কানে সালাতের আযানের ন্যায় আযান দিয়েছিলেন। (আবু দাউদ ৫১০৫)

সন্তান ভূমিষ্ঠ হওয়ার পর তাহনিয়া করানো:

عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا، قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يُؤْتَى بِالصِّبْيَانِ فَيَدْعُو لَهُمْ بِالْبَرَكَةِ زَادَ يُوسُفُ وَيُحَنِّكُهُمْ وَلَمْ يَذْكُرْ بِالْبَرَكَةِ

আয়িশাহ (রা.) সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট বাচ্চাদেরকে আনা হলে তিনি তাদের জন্য বরকতের দুআ করতেন। ইউসুফের বর্ণনায় রয়েছেঃ তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) খেজুর চিবিয়ে তাদের মুখে দিতেন। এতে বরকতের জন্য কথাটি উল্লেখ নেই। (আবু দাউদ ৫১০৬)

সন্তানের সুন্দর নাম রাখা:

عَنْ أَبِي الدَّرْدَاءِ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّكُمْ تُدْعَوْنَ يَوْمَ الْقِيَامَةِ بِأَسْمَائِكُمْ، وَأَسْمَاءِ آبَائِكُمْ، فَأَحْسِنُوا أَسْمَاءَكُمْ

আবূ দারদা (রা.) সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের দিন তোমাদেরকে, তোমাদের ও তোমাদের পিতাদের নাম ধরে ডাকা হবে। তাই তোমরা তোমাদের সুন্দর নামকরণ করো। (আবু দাউদ ৪৯৪৮)

যে সমস্ত নাম রাখা উত্তম:

عَنِ ابْنِ عُمَرَ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَحَبُّ الْأَسْمَاءِ إِلَى اللَّهِ تَعَالَى عَبْدُ اللَّهِ، وَعَبْدُ الرَّحْمَنِ

ইবনু উমার (রা.) সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মহামহিম আল্লাহর নিকট সবচেয়ে পছন্দনীয় নাম হলো আব্দুল্লাহ এবং আব্দুর রাহমান। (আবু দাউদ ৪৯৪৯)

عَنْ أَبِي وَهْبٍ الْجُشَمِيِّ، وَكَانَتْ لَهُ صُحْبَةٌ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: تَسَمَّوْا بِأَسْمَاءِ الْأَنْبِيَاءِ، وَأَحَبُّ الْأَسْمَاءِ إِلَى اللهِ عَبْدُ اللَّهِ، وَعَبْدُ الرَّحْمَنِ، وَأَصْدَقُهَا حَارِثٌ، وَهَمَّامٌ، وَأَقْبَحُهَا حَرْبٌ وَمُرَّةُ

আবূ ওয়াহব আল-জিশামী (রা.) সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা নবী-রাসূলগণের নামে নামকরণ করো। আল্লাহর নিকট সবচেয়ে পছন্দনীয় নাম হলো আব্দুল্লাহ ও আব্দুর রাহমান। নামের মাঝে হারিস ও হাম্মাম হলো বিশ্বস্ত নাম এবং হারব ও মুররাহ হলো সবচেয়ে নিকৃষ্ট নাম।

(আবু দাউদ ৪৯৫০)

যে সকল নাম রাখার ব্যাপারে নিষেধাজ্ঞা আছে:

عَنْ سَمُرَةَ بْنِ جُنْدَبٍ، قَالَ نَهَانَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ نُسَمِّيَ رَقِيقَنَا بِأَرْبَعَةِ أَسْمَاءٍ أَفْلَحَ وَرَبَاحٍ وَيَسَارٍ وَنَافِعٍ.

সামুরাহ ইবনু জুনদাব (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে চারটি নাম রাখতে নিষেধ করেছেন: আফলাহ, রাবাহ, ইয়াসার ও নাফি। (মুসলিম ২১৩৬)

সন্তান জন্মের সপ্তম দিনে আকিকা করা:

عَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبٍ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ كُلُّ غُلَامٍ رَهِينٌ بِعَقِيقَتِهِ تُذْبَحُ عَنْهُ يَوْمَ سَابِعِهِ وَيُحْلَقُ رَأْسُهُ وَيُسَمَّى

সামুরা ইবন জুনদুব (রা.) রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন, তিনি বলেন, প্রত্যেক সন্তান স্বীয় আকীকার সাথে আবদ্ধ। তার পক্ষ হতে তা তার জন্মের সপ্তম দিনে যবেহ করতে হবে। সেদিন তার মাথা মুণ্ডন করতে হবে এবং তার নাম রাখতে হবে।
(নাসাঈ ৪২২১)

সন্তানের পক্ষ থেকে সদাকাহ করা:

عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ، قَالَ عَقَّ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَنِ الْحَسَنِ بِشَاةٍ وَقَالَ " يَا فَاطِمَةُ احْلِقِي رَأْسَهُ وَتَصَدَّقِي بِزِنَةِ شَعْرِهِ فِضَّةً. قَالَ فَوَزَنَتْهُ فَكَانَ وَزْنُهُ دِرْهَمًا أَوْ بَعْضَ دِرْهَمٍ .

আলী ইবনু আবী তালিব (রা.) হতে বর্ণিত আছে, তিনি বলেন, একটি বকরী দ্বারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসানের আকীকা করেন এবং বলেনঃ হে ফাতিমা! তার মাথা নেড়া করে দাও এবং তার চুলের ওজনের অনুরূপ রূপা দান কর। তদানুযায়ী আমি তার চুল ওজন করলাম এবং তার ওজন এক দিরহাম বা তার কাছাকাছি হয়। (তিরমিজি ১৫১৯)

সন্তানকে তাওহীদ শিক্ষা দেওয়া:

عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ كُنْتُ خَلْفَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يَوْمًا فَقَالَ " يَا غُلاَمُ إِنِّي أُعَلِّمُكَ كَلِمَاتٍ احْفَظِ اللَّهَ يَحْفَظْكَ احْفَظِ اللَّهَ تَجِدْهُ تُجَاهَكَ إِذَا سَأَلْتَ فَاسْأَلِ اللَّهَ وَإِذَا اسْتَعَنْتَ فَاسْتَعِنْ بِاللَّهِ وَاعْلَمْ أَنَّ الأُمَّةَ لَوِ اجْتَمَعَتْ عَلَى أَنْ يَنْفَعُوكَ بِشَيْءٍ لَمْ يَنْفَعُوكَ إِلاَّ بِشَيْءٍ قَدْ كَتَبَهُ اللَّهُ لَكَ وَلَوِ اجْتَمَعُوا عَلَى أَنْ يَضُرُّوكَ بِشَيْءٍ لَمْ يَضُرُّوكَ إِلاَّ بِشَيْءٍ قَدْ كَتَبَهُ اللَّهُ عَلَيْكَ رُفِعَتِ الأَقْلاَمُ وَجَفَّتِ الصُّحُفُ . "

ইবনু আব্বাস (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, কোন এক সময় আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর পিছনে ছিলাম। তিনি বললেনঃ হে তরুণ! আমি তোমাকে কয়েকটি কথা শিখিয়ে দিচ্ছি- তুমি আল্লাহ্ তাআলার (বিধি-নিষেধের) রক্ষা করবে, আল্লাহ তাআলা তোমাকে রক্ষা করবেন। তুমি আল্লাহ্ তাআলার সন্তুষ্টির প্রতি লক্ষ্য রাখবে, আল্লাহ্ তাআলাকে তুমি কাছে পাবে। তোমার কোন কিছু চাওয়ার প্রয়োজন হলে আল্লাহ তাআলার নিকট চাও, আর সাহায্য প্রার্থনা করতে হলে আল্লাহ্ তাআলার নিকটেই কর। আর জেনে রাখো, যদি সকল উম্মাতও তোমার কোন উপকারের উদ্দেশে ঐক্যবদ্ধ হয় তাহলে ততটুকু উপকারই করতে পারবে, যতটুকু আল্লাহ তাআলা তোমার জন্যে লিখে রেখেছেন। অপরদিকে যদি সকল ক্ষতিই করতে সক্ষম হবে, যতটুকু আল্লাহ্ তাআলা তোমার তাকদিরে লিখে রেখেছেন। কলম তুলে নেয়া হয়েছে এবং লিখিত কাগজসমূহও শুকিয়ে গেছে। (তিরমিজি ২৫১৬)

সন্তানকে নামাজের ব্যাপারে নির্দেশ দেওয়া:

عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مُرُوا أَوْلاَدَكُمْ بِالصَّلاَةِ وَهُمْ أَبْنَاءُ سَبْعِ سِنِينَ وَاضْرِبُوهُمْ عَلَيْهَا وَهُمْ أَبْنَاءُ عَشْرِ سِنِينَ وَفَرِّقُوا بَيْنَهُمْ فِي الْمَضَاجِعِ.

আমর ইবনু শুআয়েব (রহ.) থেকে পর্যায়ক্রমে তাঁর পিতা এবং দাদার সূত্রে বর্ণিত। তিনি (দাদা) বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ যখন তোমাদের সন্তানরা সাত বছরে উপনীত হবে, তখন তাদেরকে নামায পড়ার নির্দেশ দেবে এবং তাদের বয়স যখন দশ বছর হবে তখন নামায না পড়লে এজন্য তাদেরকে মারপিট কর এবং তাদের (ছেলে-মেয়েদের) বিছানা পৃথক করে দিবে।
(আবু দাউদ ৪৯৫)

সন্তানকে আদর-স্নেহ করা, চুমু দেয়া ও আলিঙ্গণ করা:

أَنَّ أَبَا هُرَيْرَةَ ـ رضى الله عنه ـ قَالَ قَبَّلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم الْحَسَنَ بْنَ عَلِيٍّ وَعِنْدَهُ الأَقْرَعُ بْنُ حَابِسٍ التَّمِيمِيُّ جَالِسًا. فَقَالَ الأَقْرَعُ إِنَّ لِي عَشَرَةً مِنَ الْوَلَدِ مَا قَبَّلْتُ مِنْهُمْ أَحَدًا. فَنَظَرَ إِلَيْهِ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم ثُمَّ قَالَ " مَنْ لاَ يَرْحَمُ لاَ يُرْحَم". ُ

আবূ হুরাইরাহ (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদা হাসান ইবনু ’আলীকে চুম্বন করেন। সে সময় তাঁর নিকট আকরা ইবনু হাবিস তামীমী উপবিষ্ট ছিলেন। আকরা ইবনু হাবিস বললেনঃ আমার দশটি পুত্র আছে, আমি তাদের কাউকেই কোন দিন চুম্বন দেইনি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর পানে তাকালেন, অতঃপর বললেনঃ যে দয়া করে না, সে দয়া পায় না। (বুখারী ৫৯৯৭)

সন্তানের লালন পালনের জন্য খরচ করা:

،عَنْ أُمِّ سَلَمَةَ، قُلْتُ يَا رَسُولَ اللَّهِ هَلْ لِي مِنْ أَجْرٍ فِي بَنِي أَبِي سَلَمَةَ أَنْ أُنْفِقَ عَلَيْهِمْ، وَلَسْتُ بِتَارِكَتِهِمْ هَكَذَا وَهَكَذَا، إِنَّمَا هُمْ بَنِيَّ. قَالَ " نَعَمْ لَكِ أَجْرُ مَا أَنْفَقْتِ عَلَيْهِم". ْ

উম্মু সালামাহ (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, আমি জিজ্ঞেস করলামঃ হে আল্লাহর রাসূল! আবূ সালামাহর সন্তানদের জন্য ব্যয় করলে তাতে আমার কোন সাওয়াব হবে কি? আমি তাদের এ (অভাবী) অবস্থায় ত্যাগ করতে পারি না। তারা তো আমারই সন্তান। তিনি বললেনঃ হাঁ, তুমি তাদের জন্য যা খরচ করবে তাতে তোমার সাওয়াব আছে।
(বুখারী ৫৩৬৯)

সন্তানদেরকে স্বাবলম্বী করে রেখে যাওয়া:

سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ عَنْ أَبِيهِ قَالَ كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَعُودُنِي عَامَ حَجَّةِ الْوَدَاعِ مِنْ وَجَعٍ اشْتَدَّ بِي فَقُلْتُ إِنِّي قَدْ بَلَغَ بِي مِنْ الْوَجَعِ وَأَنَا ذُو مَالٍ وَلاَ يَرِثُنِي إِلاَّ ابْنَةٌ أَفَأَتَصَدَّقُ بِثُلُثَيْ مَالِي قَالَ لاَ فَقُلْتُ بِالشَّطْرِ فَقَالَ لاَ ثُمَّ قَالَ الثُّلُثُ وَالثُّلُثُ كَبِيرٌ أَوْ كَثِيرٌ إِنَّكَ أَنْ تَذَرَ وَرَثَتَكَ أَغْنِيَاءَ خَيْرٌ مِنْ أَنْ تَذَرَهُمْ عَالَةً يَتَكَفَّفُونَ النَّاسَ وَإِنَّكَ لَنْ تُنْفِقَ نَفَقَةً تَبْتَغِي بِهَا وَجْهَ اللهِ إِلاَّ أُجِرْتَ بِهَا حَتَّى مَا تَجْعَلُ فِي فِي امْرَأَتِكَ فَقُلْتُ يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم أُخَلَّفُ بَعْدَ أَصْحَابِي قَالَ إِنَّكَ لَنْ تُخَلَّفَ فَتَعْمَلَ عَمَلاً صَالِحًا إِلاَّ ازْدَدْتَ بِهِ دَرَجَةً وَرِفْعَةً ثُمَّ لَعَلَّكَ أَنْ تُخَلَّفَ حَتَّى يَنْتَفِعَ بِكَ أَقْوَامٌ وَيُضَرَّ بِكَ آخَرُونَ اللَّهُمَّ أَمْضِ لأَصْحَابِي هِجْرَتَهُمْ وَلاَ تَرُدَّهُمْ عَلَى أَعْقَابِهِمْ لَكِنْ الْبَائِسُ سَعْدُ بْنُ خَوْلَةَ يَرْثِي لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أَنْ مَاتَ بِمَكَّةَ

সাদ ইবনু আবূ ওয়াক্কাস (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, বিদায় হাজ্জে একটি কঠিন রোগে আমি আক্রান্ত হলে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার খোঁজ খবর নেয়ার

জন্য আসতেন। একদা আমি তাঁর কাছে নিবেদন করলাম, আমার রোগ চরমে পৌঁছেছে আর আমি সম্পদশালী। একমাত্র কন্যা ছাড়া কেউ আমার উত্তরাধিকারী নেই। তবে আমি কি আমার সম্পদের দু তৃতীয়াংশ সাদাকা করতে পারি? তিনি বললেন, না। আমি আবার নিবেদন করলাম, তাহলে অর্ধেক। তিনি বললেন, না। অতঃপর তিনি বললেন, এক তৃতীয়াংশ আর এক তৃতীয়াংশও বিরাট পরিমাণ অথবা অধিক। তোমার ওয়ারিসদের অভাবমুক্ত রেখে যাওয়া, তাদেরকে খালি হাতে পরমুখাপেক্ষী অবস্থায় রেখে যাওয়ার চেয়ে উত্তম। আর আল্লাহ্‌র সন্তুষ্টি লাভের জন্য তুমি যে কোন ব্যয় করো না কেন, তোমাকে তার বিনিময় প্রদান করা হবে। এমনকি যা তুমি তোমার স্ত্রীর মুখে তুলে দিবে (তারও প্রতিদান পাবে)। আমি নিবেদন করলাম, হে আল্লাহ্‌র রাসূল! (আফসোস) আমি আমার সাথীদের হতে পিছনে থেকে যাব? তিনি বললেন, তুমি যদি পিছনে থেকে নেক ‘আমল করতে থাক, তাহলে তাতে তোমার মর্যাদা ও উন্নতি বৃদ্ধিই পেতে থাকবে। তাছাড়া, সম্ভবত, তুমি পিছনে (থেকে যাবে)। যার ফলে তোমার দ্বারা অনেক কাওম উপকার লাভ করবে। আর অন্যরা ক্ষতিগ্রস্ত হবে। হে আল্লাহ্! আমার সাহাবীগণের হিজরত বলবৎ রাখুন। পশ্চাতে ফিরিয়ে দিবেন না। কিন্তু আফসোস! সাদ ইবনু খাওলার জন্য (এ বলে) আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর জন্য শোক প্রকাশ করছিলেন, যেহেতু মক্কায় তাঁর মৃত্যু হয়েছিল। (বুখারী ১২৯৫)

## সন্তানদের শিষ্টাচার শিক্ষা দেয়া:

عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لأَنْ يُؤَدِّبَ الرَّجُلُ وَلَدَهُ خَيْرٌ مِنْ أَنْ يَتَصَدَّقَ بِصَاعٍ" .

জাবির ইবনু সামুরা (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নিজের সন্তানকে শিষ্টাচার ও আদব-কায়দা শিক্ষা দেয়া এক সা পরিমাণ বস্তু দান-খাইরাত করার চেয়েও উত্তম। (তিরমিজি ১৯৫১)

সন্তানদের ব্যাপারে ইনসাফ কায়েম করা:

عَنْ عَامِرٍ قَالَ سَمِعْتُ النُّعْمَانَ بْنَ بَشِيْرٍ رَضِيَ اللهُ عَنْهُمَا وَهُوَ عَلَى الْمِنْبَرِ يَقُوْلُ أَعْطَانِيْ أَبِيْ عَطِيَّةً فَقَالَتْ عَمْرَةُ بِنْتُ رَوَاحَةَ لَا أَرْضَى حَتَّى تُشْهِدَ رَسُوْلَ اللهِ صلى الله عليه وسلم فَأَتَى رَسُوْلَ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ إِنِّيْ أَعْطَيْتُ ابْنِيْ مِنْ عَمْرَةَ بِنْتِ رَوَاحَةَ عَطِيَّةً فَأَمَرَتْنِيْ أَنْ أُشْهِدَكَ يَا

رَسُوْلَ اللهِ قَالَ أَعْطَيْتَ سَائِرَ وَلَدِكَ مِثْلَ هَذَا قَالَ لَا قَالَ فَاتَّقُوْا اللهَ وَاعْدِلُوْا بَيْنَ أَوْلَادِكُمْ قَالَ فَرَجَعَ فَرَدَّ عَطِيَّتَه.ُ

আমির (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নুমান ইবনু বাশীর (রা.) কে মিম্বরের উপর বলতে শুনেছি যে, আমার পিতা আমাকে কিছু দান করেছিলেন। তখন (আমার মাতা) আমরা বিনতে রাওয়াহা (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে সাক্ষী রাখা ব্যতীত সম্মত নই। তখন তিনি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট আসলেন এবং বললেন, আমরা বিনতে রাওয়াহার গর্ভজাত আমার পুত্রকে কিছু দান করেছি। হে আল্লাহর রাসূল! আপনাকে সাক্ষী রাখার জন্য সে আমাকে বলেছে। তিনি আমাকে জিজ্ঞেস করলেন, তোমার সব ছেলেকেই কি এ রকম করেছ? তিনি বললেন, না। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তবে আল্লাহকে ভয় কর এবং আপন সন্তানদের মাঝে সমতা রক্ষা কর।
(বুখারী ২৫৮৭)

দারিদ্রতার ভয়ে সন্তান হত্যা করা নিষেধ:

عُثْمَانُ بْنُ أَبِيْ شَيْبَةَ حَدَّثَنَا جَرِيْرٌ عَنْ مَنْصُوْرٍ عَنْ أَبِيْ وَائِلٍ عَنْ عَمْرِو بْنِ شُرَحْبِيْلَ عَنْ عَبْدِ اللهِ قَالَ سَأَلْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم أَيُّ الذَّنْبِ أَعْظَمُ عِنْدَ اللهِ قَالَ أَنْ تَجْعَلَ لِلهِ نِدًّا وَهُوَ خَلَقَكَ قُلْتُ إِنَّ ذَلِكَ لَعَظِيْمٌ قُلْتُ ثُمَّ أَيُّ قَالَ وَأَنْ تَقْتُلَ وَلَدَكَ تَخَافُ أَنْ يَطْعَمَ مَعَكَ قُلْتُ ثُمَّ أَيُّ قَالَ أَنْ تُزَانِيَ حَلِيْلَةَ جَارِك

’আবদুল্লাহ (ইবনু মাস’ঊদ) (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু ’আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলাম যে, কোন্ গুনাহ আল্লাহর কাছে সবচেয়ে বড়? তিনি বললেন, আল্লাহর জন্য অংশীদার দাঁড় করান। অথচ তিনি তোমাকে সৃষ্টি করেছেন। আমি বললাম, এতো সত্যিই বড় গুনাহ। আমি বললাম, তারপর কোন্ গুনাহ? তিনি উত্তর দিলেন, তুমি তোমার সন্তানকে এই ভয়ে হত্যা করবে যে, সে তোমার সঙ্গে আহার করবে। আমি আরয করলাম, এরপর কোনটি? তিনি উত্তর দিলেন, তোমার প্রতিবেশীর স্ত্রীর সঙ্গে তোমার ব্যভিচার করা। [বুখারি ৪৪৭৭, ৪৭৬১, ৬০০১, ৬৮১১, ৬৮৬১, ৭৫২০, ৭৫৩২; মুসলিম ১/৩৭, হাঃ ৮৬০] (আধুনিক প্রকাশনীঃ ৪১১৯, ইসলামিক ফাউন্ডেশনঃ ৪১২২)

নবজাতকের মাথার চুল ওজন করে সমপরিমান দান:

عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ، قَالَ عَقَّ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَنِ الْحَسَنِ بِشَاةٍ وَقَالَ " يَا فَاطِمَةُ احْلِقِي رَأْسَهُ وَتَصَدَّقِي بِزِنَةِ شَعْرِهِ فِضَّةً" ً

আলী ইবনু আবী তালিব (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, একটি বকরী দ্বারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসানের আকীকা করেন এবং বলেনঃ হে ফাতিমা! তার মাথা নেড়া করে দাও এবং তার চুলের ওজনের অনুরূপ রূপা দান কর। তদানুযায়ী আমি তার চুল ওজন করলাম এবং তার ওজন এক দিরহাম বা তার কাছাকাছি হয়। (তিরমিজি ১৫১৯)

عَنْ سَمُرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الْغُلاَمُ مُرْتَهَنٌ بِعَقِيقَتِهِ يُذْبَحُ عَنْهُ يَوْمَ السَّابِعِ وَيُسَمَّى وَيُحْلَقُ رَأْسُهُ "

সামুরা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সকল শিশুই তার আকীকার সাথে বন্ধক (দায়বদ্ধ) অবস্থায় থাকে। জনুগ্রহণ করার সপ্তম দিনে তার পক্ষে যবেহ করতে হবে, তার নাম রাখতে হবে এবং তার মাথা নেড়া করতে হবে।
(তিরমিজি ১৫২২, ইবনু মা-জাহ ৩১৬৫)

সন্তানের খাতনা করা:

عَنْ أَبِي هُرَيْرَةَ ـ رضى الله عنه ـ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ" الْفِطْرَةُ خَمْسٌ الْخِتَانُ، وَالاِسْتِحْدَادُ، وَنَتْفُ الإِبْطِ، وَقَصُّ الشَّارِبِ، وَتَقْلِيمُ الأَظْفَارِ ".

আবূ হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মানুষের স্বভাবগত বিষয় হলো পাঁচটিঃ খাতনা করা, নাভির নীচের পশম কামানো, বগলের পশম উপড়ে ফেলা, গোঁফ ছাঁটা এবং (অতিরিক্ত) নখ কাটা। (সহিহ বুখারি ৫৮৮৯, আধুনিক প্রকাশনী- ৫৮৫৩, ইসলামিক ফাউন্ডেশন- ৫৭৪৭)

শিশুদের প্রতি ভালবাসা প্রকাশ করা:

عَنْ عَائِشَةَ ـ رضى الله عنها ـ قَالَتْ جَاءَ أَعْرَابِيٌّ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ تُقَبِّلُونَ الصِّبْيَانَ فَمَا نُقَبِّلُهُمْ. فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " أَوَ أَمْلِكُ لَكَ أَنْ نَزَعَ اللَّهُ مِنْ قَلْبِكَ الرَّحْمَةَ ."

'আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক বেদুঈন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললো। আপনারা শিশুদের চুম্বন করেন, কিন্তু আমরা ওদের চুম্বন করি না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আল্লাহ যদি তোমার হৃদয় হতে দয়া উঠিয়ে নেন, তবে তোমার উপর আমার কি কোন অধিকার আছে?
[বুখারি, ৫৯৯৮, মুসলিম ৪৩/১৫, হাঃ ২৩১৭, আহমাদ ২৪৪৬২]

কপি ফ্রম " দা ম্যাসেজ "

## সন্তান আল্লাহর নিআমত : চাই যথাযথ তালীম-তারবিয়াত

আল্লাহ তাআলার নিআমত অপরিসীম। গুনে শেষ করা যাবে না। আল্লাহ তাআলা নিজেই ঘোষণা দিচ্ছেন—

وَ اِنْ تَعُدُّوْا نِعْمَةَ اللهِ لَا تُحْصُوْهَا اِنَّ اللهَ لَغَفُوْرٌ رَّحِيْم.

তোমরা যদি আল্লাহর নিআমতসমূহ গুনতে শুরু কর, তবে তা গুনে শেষ করতে পারবে না। বস্তুত আল্লাহ অতি ক্ষমাশীল, পরম দয়ালু। —সূরা নাহল (১৬) : ১৮

বান্দার কর্তব্য হল, নিআমতের শোকর আদায় করা। মুখে এবং কাজের মাধ্যমে।
এই কর্তব্য পালন করলে দয়াময় আল্লাহ নিআমত আরও বাড়িয়ে দেবেন। আর কর্তব্যে অবহেলা করলে রয়েছে কঠিন শাস্তি। আল্লাহ তাআলা বলেন—

لَىِٕنْ شَكَرْتُمْ لَاَزِيْدَنَّكُمْ وَ لَىِٕنْ كَفَرْتُمْ اِنَّ عَذَابِيْ لَشَدِيْد.

যদি তোমরা শোকর কর তবে আমি অবশ্যই তোমাদের আরও বেশি দেব। আর যদি অকৃতজ্ঞ হও, তবে আমার শাস্তি অবশ্যই কঠোর। —সূরা ইবরাহীম (১৪) : ০৭

আমাদের সন্তান-সন্ততিও এমন এক মহা নিআমত, যা শুধু সে-ই পায়, আল্লাহ যাকে দান করেন। এখানে কারও কোনোরূপ ক্ষমতা চলে না।

আল্লাহ তাআলা ইরশাদ করেন—

لِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَ الْاَرْضِ  يَخْلُقُ مَا يَشَآءُ يَهَبُ لِمَنْ يَّشَآءُ اِنَاثًا وَّ يَهَبُ لِمَنْ يَّشَآءُ الذُّكُوْرَ،اَوْ يُزَوِّجُهُمْ ذُكْرَانًا وَّ اِنَاثًا  وَ يَجْعَلُ مَنْ يَّشَآءُ عَقِيْمًا  اِنَّهٗ عَلِيْمٌ قَدِيْرٌ.

আকাশমণ্ডলী ও পৃথিবীর রাজত্ব আল্লাহরই। তিনি যা ইচ্ছা সৃষ্টি করেন। যাকে ইচ্ছা কন্যাসন্তান দান করেন এবং যাকে ইচ্ছা পুত্রসন্তান দান করেন। অথবা তাদের দান করেন পুত্র ও কন্যা উভয়ই। আর যাকে ইচ্ছা বন্ধ্যা করে দেন। তিনি নিশ্চয়ই সর্বজ্ঞ, সর্বশক্তিমান। —সূরা শূরা (৪২) : ৪৯-৫০

অতএব সন্তান-সন্ততিকে মহান আল্লাহর বিশেষ নিআমত জ্ঞান করে শোকর আদায় করতে হবে। স্মরণ রাখতে হবে তাদের ব্যাপারে আমাদের কিছু দায়িত্ব ও কর্তব্য আছে। এ সম্পর্কে কাল কিয়ামতে আমাদেরকে জিজ্ঞাসা করা হবে।
এক দীর্ঘ হাদীসে নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন—
পুরুষ তার পরিবারের যিম্মাদার; পরিবার সম্পর্কে তাকে জিজ্ঞাসা করা হবে। নারী তার স্বামীর ঘর ও তার সন্তানদের যিম্মাদার; তাদের সম্পর্কে তাকে জিজ্ঞাসা করা হবে। —সুনানে আবু দাউদ, হাদীস ২৯২৮

আমাদের কর্তব্য_

আমাদের কর্তব্য হল, সন্তানের দুনিয়াবি প্রয়োজনগুলো যথাসাধ্য পূরণ করা এবং সে যেন আখেরাতে জাহান্নাম থেকে বেঁচে জান্নাত লাভের মাধ্যমে সর্বোচ্চ সফলতা অর্জন করতে পারে— এজন্য আপ্রাণ চেষ্টা করা। আল্লাহ তাআলা বলেন—

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا قُوْۤا اَنْفُسَكُمْ وَ اَهْلِيْكُمْ نَارًا وَّ قُوْدُهَا النَّاسُ وَ الْحِجَارَةُ...

হে ঈমানদারগণ! তোমরা নিজেদের ও তোমাদের পরিবার-পরিজনকে সেই আগুন থেকে রক্ষা কর, যার ইন্ধন হবে মানুষ ও পাথর...। —সূরা তাহরীম (৬৬) : ০৬

আমরা অনেকেই সন্তানের অস্থায়ী ভবিষ্যতের সফলতার জন্য তো নানান চেষ্টা ও তাদবীর করি; কিন্তু তার চিরস্থায়ী সফলতার ব্যাপারে উদাসীন থাকি।

জাহান্নাম থেকে রক্ষার উপায়_

কুরআনে কারীমে আল্লাহ তাআলা জাহান্নাম থেকে রক্ষা এবং জান্নাত লাভের মৌলিক দুটি উপায় উল্লেখ করেছেন—

وَ الَّذِيْنَ اٰمَنُوْا وَ عَمِلُوا الصّٰلِحٰتِ اُولٰٓىِٕكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ.

আর যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে, তারা জান্নাতের অধিবাসী; তারা তাতে চিরকাল থাকবে। —সূরা বাকারা (২) : ৮২

এমন আরও অনেক আয়াত রয়েছে যেগুলোর বার্তা হল— 'জাহান্নাম থেকে পরিত্রাণ ও জান্নাত লাভের উপায় ঈমান ও নেক আমল।'
অতএব সন্তানকে জাহান্নাম থেকে রক্ষা করতে হলে, তাকে ঈমান ও নেক আমলের ধারক এবং কুফুর, শিরক ও মন্দ কাজ বর্জনকারী বানাতে হবে। এজন্য ছোট থেকেই তার পেছনে পরিকল্পিত মেহনত করতে হবে।

আমাদের করণীয়;

এক. সন্তানের জন্য দুআ করা_

সন্তানকে নেককার হিসেবে গড়ে তোলার প্রচেষ্টার সাথে সাথে দুআও করতে হবে— আল্লাহ তাআলা যেন তাকে নেককার বানান। এমন দুআ কুরআনে কারীমে অনেক রয়েছে। যেমন—

رَبَّنَا هَبْ لَنَا مِنْ اَزْوَاجِنَا وَ ذُرِّيّٰتِنَا قُرَّةَ اَعْيُنٍ وَّ اجْعَلْنَا لِلْمُتَّقِيْنَ اِمَامًا.

হে আমাদের রব! আমাদের স্ত্রী ও সন্তান-সন্ততির পক্ষ থেকে আমাদের দান করুন চোখের শীতলতা এবং আমাদের পরহেযগারদের জন্য আদর্শ বানান। —সূরা ফুরকান (২৫) : ৭৪

মারইয়াম আ.-এর মায়ের দুআ—

وَ اِنِّيْٓ اُعِيْذُهَا بِكَ وَ ذُرِّيَّتَهَا مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ.

আমি তাকে (মারয়ামকে) ও তার সন্তান-সন্ততিকে অভিশপ্ত শয়তান থেকে আপনার আশ্রয়ে দিচ্ছি। —সূরা আলে ইমরান (৩) : ৩৬

যাকারিয়া আ.-এর দুআ—

قَالَ رَبِّ اِنِّيْ وَهَنَ الْعَظْمُ مِنِّيْ وَ اشْتَعَلَ الرَّاْسُ شَيْبًا وَّ لَمْ اَكُنْۢ بِدُعَآىِٕكَ رَبِّ شَقِيًّا، وَ اِنِّيْ خِفْتُ الْمَوَالِيَ مِنْ وَّرَآءِيْ وَ كَانَتِ امْرَاَتِيْ عَاقِرًا فَهَبْ لِيْ مِنْ لَّدُنْكَ وَلِيًّا، يَّرِثُنِيْ وَ يَرِثُ مِنْ اٰلِ يَعْقُوْبَ وَ اجْعَلْهُ رَبِّ رَضِيًّا.

হে আমার রব! আমার অস্থিসমূহ দুর্বল হয়ে গেছে এবং মাথায় বার্ধক্যের শুভ্রতা ফুটে উঠেছে। আর হে রব! আপনার নিকট প্রার্থনা করে আমি কখনো বিফল হইনি।
আমি আমার পরে আত্মীয়স্বজনের ব্যাপারে ভয় করি, আর আমার স্ত্রীও বন্ধ্যা, অতএব আপনি আমাকে আপনার নিকট থেকে দান করুন একজন কার্যনির্বাহক। যে (দ্বীন বিষয়ে) আমার স্থলাভিষিক্ত হবে এবং ইয়াকুবের সন্তান-সন্ততির। আর হে রব! তাকে করুন পছন্দসই। —সূরা মরইয়াম (১৯) : ৪-৬

ইবরাহীম আ.-এর দুআ—

رَبِّ هَبْ لِيْ مِنَ الصّٰلِحِيْنَ.

অর্থাৎ হে আমার রব! আমাকে একজন সৎপুত্র দান করুন। —সূরা সাফফাত (৩৭) : ১০০

رَبِّ اجْعَلْنِيْ مُقِيْمَ الصَّلٰوةِ وَ مِنْ ذُرِّيَّتِيْ رَبَّنَا وَ تَقَبَّلْ دُعَآءِ.

অর্থাৎ হে আমার রব! আমাকে নামায কায়েমকারী বানান এবং আমার সন্তান-সন্ততির মধ্য থেকেও (একদলকে)। হে আমাদের রব! আর আমাদের দুআ কবুল করুন। —সূরা ইবরাহীম (১৪) : ৪০

আম্বিয়ায়ে কেরাম জানতেন, আল্লাহর কাছে কী চাইতে হয়। কীভাবে চাইতে হয়। আল্লাহ তাআলা তাঁদের দুআগুলো পবিত্র কুরআনে উল্লেখ করেছেন আমাদের শিক্ষা দেওয়ার জন্য।

দুই. নিজেদের পরিবেশ ও চালচলন ঠিক করা_

শিশুরা পরিবারের সদস্যদের দেখে শেখে। এই শেখা শুরু হয় মুখ ফোটারও আগে। অনেক শিশু অন্যদের দেখাদেখি নামায পড়ে, হাত বাঁধে, রুকু-সিজদা করে। তাই শিশুর দ্বীনী তারবিয়াতের জন্য দ্বীনী পরিবেশ নিশ্চিত করতে হবে।

তিন. শিক্ষার ব্যাপারে যত্নবান হওয়া_

নিকট অতীতের বিখ্যাত আলেম মাওলানা মুহাম্মাদ মনযূর নোমানী রাহ. বলেন—

'আম্বিয়ায়ে কেরামের দুনিয়ার এই ক্ষণস্থায়ী জীবন সম্পর্কে দৃষ্টিভঙ্গি হল : এটি মূলত আখেরাতের চিরস্থায়ী জীবনের প্রস্তুতির জন্য। এই দৃষ্টিভঙ্গির স্বাভাবিক ও অপরিহার্য দাবি এই যে, দুনিয়ার সবচেয়ে বড় মাসআলা হল, আখেরাতে সফলতা অর্জন করা। তাই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রত্যেক ব্যক্তির উপর তার সন্তানের এই হক সাব্যস্ত করেছেন যে, একেবারে প্রথম থেকেই তার দ্বীনী তালীম ও তারবিয়াতের ফিকির করবে। এতে অবহেলা করলে গুনাহগার হবে।' —মাআরিফুল হাদীস ৩/২৭৪

অতএব সন্তানকে প্রথমে আল্লাহর নাম ও কালিমা শেখাতে হবে। তারপর ধীরে ধীরে বিভিন্ন যিকির, মাসূর দুআ এবং ইসলামী শিষ্টাচার শেখাতে হবে।

নবীজীর আমল দেখুন— ওমর ইবনে আবি সালামা রা. বলেন, আমি ছোট অবস্থায় নবীজীর কাছেই লালিত পালিত হয়েছি। একবার খাওয়ার সময় পাত্রের চতুর্পাশ থেকে খাচ্ছিলাম। তখন নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন—

يَا غُلَامُ، سَمِّ اللهَ، وَكُلْ بِيَمِينِكَ، وَكُلْ مِمَّا يَلِيكَ.

'হে বৎস! বিসমিল্লাহ বল, ডান হাতে খাও এবং তোমার পাশ থেকে খাও।' —সহীহ মুসলিম, হাদীস ২০২২

এভাবে শিশুকে ছোট থেকেই হাতে-কলমে সুন্নত, আদব ইত্যাদি শেখানো।

চার. সন্তান যেন আমার থেকে কোনো মন্দ কাজ না শেখে_

সতর্কতার অভাবে অনেক সময় শিশুরা আমাদের থেকেও বিভিন্ন মন্দ কাজ শেখে। যা অত্যন্ত দুঃখজনক। এ ব্যাপারে পূর্ণ সতর্কতা কাম্য। কয়েকটি বিষয় আলোচনা করা যায়।

ক. অনেক সময় জ্বালাতন থেকে বাঁচার জন্য আমরা শিশুর হাতে ডিভাইস-স্মার্টফোন দিয়ে দেই। অথচ আমরা কি একটু চিন্তা করেছি! সামান্য সময়ের জ্বালাতন থেকে বাঁচার জন্য আদরের সন্তানের হাতে এমন একটি অগ্নিখণ্ড তুলে দিলাম, যার কারণে তার ঈমান, আমল, আখলাক এককথায় দুনিয়া ও আখেরাত কোনো কিছুই রেহাই পাবে না। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন!

বিষয়টি ব্যাপক হওয়ায় হয়তো আমাদের কাছে তেমন কিছু মনে হয় না। মনে করি, কী আর এমন হবে! কিন্তু একটু ভাবলে দেখা যাবে, সন্তানের বহু আচরণ আমাদের এই কর্মের ফল। এর সুন্দর সমাধান হল, সন্তানকে সময় দেওয়া। তার আনন্দ-বিনোদনের উত্তম পথ খুঁজে বের করা।

খ. শিশুকে কখনো মিথ্যা আশ্বাস না দেই। একে তো তা কবীরা গুনাহ তারপর আবার এ থেকে বাচ্চাও শিখবে যে, প্রয়োজনে মিথ্যা কথা বলা যায়। অতএব এক্ষেত্রেও সতর্কতা কাম্য। এ বিষয়ে নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কী বলেছেন শুনুন—

হযরত আবদুল্লাহ ইবনে আমের রা. বলেন—

(ছোট বেলায়) একদিন (আমি খেলার জন্য ঘর থেকে বের হতে চাইলে) আম্মা ডাক দিয়ে বললেন, এদিকে আস, তোমাকে একটি জিনিস দেব। তখন নবীজী আমাদের ঘরে ছিলেন। তিনি বললেন, তুমি তাকে কী দিতে চেয়েছ?

মা বললেন, আমি তাকে খেজুর দিতে চেয়েছি।
তখন নবীজী বললেন, তুমি যদি তাকে কিছু না দাও তবে তোমার মিথ্যা প্রতিশ্রুতি দেওয়ার গুনাহ হবে। —সুনানে আবু দাউদ, হাদীস ৪৯৯১; মুসনাদে আহমাদ, হাদীস ১৫৭০২

ঘ. রাগের সময় কোনো অসমীচীন শব্দ না বলি। কেউ কেউ এই সময় সন্তানকে গালিগালাজ করে। অশ্রাব্য ভাষা ব্যবহার করে; যা কোনো সভ্য মানুষ থেকেও কাম্য নয়। এতে অনেকগুলো ক্ষতি :

১. এটি কবীরা গুনাহ
২. এর কারণে পিতা-মাতার প্রতি সন্তানের শ্রদ্ধাবোধ বাকি থাকে না।
৩. সন্তানও পিতা-মাতার উপর এগুলো প্রয়োগ করে।
এক নারীকে দেখেছি, সে তার ছেলেকে খুব গালিগালাজ করত। কিছুদিন পর দেখি, ছেলেও তার মাকে গালিগালাজ করছে এবং ঐ শব্দগুলোই বলছে, যেগুলো তার মা একসময় বলত।

এমন অনেক বিষয় রয়েছে, যা আমাদের আচরণ থেকে সন্তান শেখে। সুতরাং আমরা সন্তানের সাথে এমন আচরণ করব না, যা তার থেকে কামনা করি না।

পাঁচ. সন্তানের তারবিয়াতের ব্যাপারে পূর্ণ সচেতন থাকা_

সন্তানকে কোনো অন্যায় কাজ করতে দেখলে ছোট বলে এড়িয়ে না যাই; তার মতো করে তাকে শেখাই বা শাসন করি। মনে রাখতে হবে, আজকের শিক্ষাদান, একটু চোখ রাঙানো বা সামান্য ধমক দেওয়াতে যে কাজ হবে, হয়তো একসময় সর্বশক্তি ব্যয় করেও সেই কাজ হবে না। নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আমল দেখি। হযরত আবু হুরায়রা রা. বর্ণনা করেন—

একবার নবীজীর নাতি হাসান ইবনে আলী রা. একটি সদকার খেজুর মুখে দিল। নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দেখে সাথে সাথে বললেন— কাখ্ কাখ্, ফেল ফেল, তুমি জানো না, আমরা (নবীবংশ) সদকার বস্তু খাই না! —সহীহ বুখারী, হাদীস ১৪৯১

হাসান রা.-এর জন্ম তৃতীয় হিজরীর রমযানে। সেই হিসেবে তখন তার বয়স আর কতইবা হবে। কিন্তু নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছোট্ট শিশু বলে এড়িয়ে যাননি। একথা বলেননি— সে তো ছোট, সামান্য একটি খেজুরে কী-ই বা হবে; বরং বাধা দিয়েছেন, খেতে দেননি; উপরন্তু তারবিয়াতের জন্য একটু ধমকের স্বরে বলেছেন— তুমি জানো না, আমরা সদকা খাই না।
এই হল আমাদের নবীজীর শিক্ষা ও আদর্শ। কিন্তু আমরা অনেকসময় নিজেরাই অজুহাত পেশ করি—সে তো ছোট।

ছয়. সন্তানকে কমপক্ষে ফরযে আইন পরিমাণ দ্বীনী ইলম শেখানো_

সন্তান একটু বড় হলে তাকে ধীরে ধীরে ওযু, গোসল, নামায, কুরআন কারীমের তিলাওয়াত ও আকায়েদ থেকে শুরু করে দ্বীনের মৌলিক বিধানগুলো শেখাতে হবে।

সাত. সন্তানকে নেক আমলে অভ্যস্ত করা_

সন্তানকে নেক আমলে অভ্যস্ত করার জন্য আমাদের কয়েকটি কাজ করতে হবে :

ক. নিজেরা নেক আমলে পাবন্দ হতে হবে। কেননা শিশুরা বড়দের অনুকরণ করে।
খ. নামায, রোযা ও অন্যান্য আমলে সন্তানকেও নিজেদের সাথে শরীক করতে হবে। আসুন এ ব্যাপারে সাহাবা যুগের একটি আমল দেখি—

রুবাইয়ে রা. বলেন, একবার আশুরার দিন সকালে নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনার পার্শ্ববর্তী গ্রামগুলোতে সংবাদ পাঠালেন, 'যারা রোযা রেখেছে তারা যেন পূর্ণ করে আর যারা রাখেনি তারা যেন অবশিষ্ট দিবস রোযাদারের মতো থাকে।'
এরপর থেকে আমরা নিজেরা (আশুরার) রোযা রাখতাম। আমাদের শিশুদেরকেও এতে অভ্যস্ত করতাম। ইফতার পর্যন্ত তাদেরকে নিয়ে মসজিদে থাকতাম। তাদের জন্য তুলার

খেলনা বানিয়ে রাখতাম। খাবারের জন্য কেউ কান্না করলে সেই খেলনা দিতাম। —সহীহ বুখারী, হাদীস ১৯৬০; সহীহ মুসলিম, হাদীস ১১৩৬

সাহাবীগণ তাদের শিশুদেরকে রোযার মতো একটি সুকঠিন আমলে কীভাবে অভ্যস্ত করতেন!

গ. বাচ্চাকে নেক আমলের আদেশ দিতে হবে। এই ব্যাপারে স্বয়ং আল্লাহ তাআলা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আদেশ করে বলেন—

وَ اْمُرْ اَهْلَكَ بِالصَّلٰوةِ وَ اصْطَبِرْ عَلَيْهَا لَا نَسْئَلُكَ رِزْقًا نَحْنُ نَرْزُقُكَ وَ الْعَاقِبَةُ لِلتَّقْوٰي.

আর আপনি স্বীয় পরিবার-পরিজনকে নামাযের আদেশ করুন এবং নিজেও তাতে অবিচল থাকুন। আমি আপনার নিকট রিযিক চাই না, আমিই আপনাকে রিযিক দান করি। আর শুভ পরিণাম তাকওয়া (অবলম্বনকারীদের) জন্য। —সূরা ত্ব-হা (২০) : ১৩২

সন্তান যদি কথা না শোনে তাহলে প্রয়োজনে কিছু শাসনও করতে হবে। নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন—
তোমাদের বাচ্চাদের সাত বছর পূর্ণ হলে (তাদেরকে) নামাযের তাকীদ কর। আর দশ বছর পূর্ণ হলে নামাযে অলসতার কারণে প্রহার কর এবং এ বয়সে উপনীত হলে বিছানা পৃথক করে দাও। —সুনানে আবু দাউদ, হাদীস ৪৯৫

দশ বছর বয়সে নামায ফরয হয় না তবুও প্রহারের নির্দেশ দেওয়া হয়েছে, যাতে সে বালেগ হওয়ার আগেই নামাযে অভ্যস্ত হয়ে যায়। এই হাদীসে অন্যান্য আমলের উল্লেখ না থাকলেও সেগুলোর বিধান নামাযেরই মতো।

আট. শিশুর অন্তরে ধর্মীয় মূল্যবোধ ও আখেরাতমুখী চিন্তা-চেতনার বীজ বপন করা_

এ উদ্দেশ্যে আমাদের কয়েকটি কাজ করতে হবে :

ক. বাচ্চাকে এই বিষয়ে তার মতো করে নসীহত করতে হবে। এই বিষয়ে অনুসরণীয় হল, লুকমান আ.-কতৃর্ক স্বীয় পুত্রকে নসীহত। যা কুরআন কারীমের সূরা লুকমানের ১৩, ১৬, ১৭, ১৮ ও ১৯ মোট পাঁচটি আয়াতে উল্লেখ করা হয়েছে।

তেমনি ইবরাহীম আ. ও ইয়াকুব আ.-কতৃর্ক নিজ সন্তানদেরকে উপদেশ। যা সূরা বাকারার ১৩২ ও ১৩৩ নং আয়াতে উল্লেখ করা হয়েছে।

খ. নবীদের কাহিনী, আমাদের নবীজীর সীরাত ও সাহাবা-তাবেয়ীন এবং আকাবির-আসলাফের জীবনী ও ঘটনাবলি শোনানো।

গ. উলামায়ে কেরামের মজলিসে নিয়ে যাওয়া। কারণ ওলামায়ে কেরাম হলেন এই গুণের ধারক বাহক।
এপর্যায়ে দুজন কর্তব্যপরায়ণ অভিভাবকের গল্প শুনি, তাদেরই সন্তানদের মুখে।
এক. হাকীমুল উম্মত আশরাফ আলী থানবী রাহ.-এর পিতা আবদুল হক রাহ.।

থানবী রাহ. বলতেন, 'আমার পিতা যে সুব্যবস্থাপনায় আমাদের (দুই ভাইয়ের) তারবিয়াত করেছেন তা তাঁর গভীর প্রজ্ঞা ও বুদ্ধির পরিচায়ক ছিল।

লালন-পালন ও শিক্ষা-দীক্ষা সম্পর্কে বলতেন, চার-পাঁচ বছর বয়সে মায়ের ইন্তেকালের পর পিতা অত্যন্ত স্নেহ-মমতার সাথে আমাদের দুই ভাইকে প্রতিপালন করেছেন। মাতৃ-বিয়োগের শোকও তিনি আমাদের ভুলিয়ে দিয়েছিলেন। তারাবীর নামায শেষে খতমের যে মিষ্টি মসজিদসমূহে বিতরণ করা হত তা আমাদের কখনো গ্রহণ করতে দিতেন না। বরং সেদিন দোকান থেকে মিষ্টি খরিদ করে এনে আরও বেশি করে খাওয়াতেন এবং বলতেন, 'মসজিদে মিষ্টি আনতে যাওয়া আমাদের জন্য লজ্জাকর।' এভাবে তিনি আমাদের লোভ-লালসা থেকে বাঁচাতেন এবং লজ্জা শেখাতেন।

একদা ছাত্রজীবনে দেওবন্দ মাদরাসার প্রাক্তন মুহতামিম হযরত মাওলানা রফী উদ্দীন সাহেব রাহ. সম্পর্কে কথা প্রসঙ্গে আমার মুখ দিয়ে বের হয়ে গেল, 'মাওলানা সাহেব রাহ. লেখাপড়া বেশি করেননি। কিন্তু মাদরাসা পরিচালনার কাজে খুবই দক্ষ ও কামিল বুযুর্গ ছিলেন।

একথা শুনে আব্বা রাগান্বিত হলেন এবং ধমক দিয়ে বললেন, 'বুযুর্গদের শানে এ রকম উক্তি করতে নেই।' তিনি রাগে আমাকে মারতে উঠলেন, তবে মারেননি।

মোটকথা, আমাদের আখলাকের প্রতি তিনি খুবই লক্ষ্য রাখতেন, কিন্তু সেইসঙ্গে যারপরনাই স্নেহ-মমতা ও আদর-ভালবাসা দিতেন।' —আশরাফ চরিত ৪৫, ৪৮-৪৯

দুই. বিখ্যাত দাঈ, মুফাক্কিরে ইসলাম, আরব-আজমের শায়েখ, বহু কালজয়ী গ্রন্থের রচয়িতা সায়্যেদ আবুল হাসান আলী নদভী রাহ.-এর আম্মা। আলী মিয়া রাহ. যেহেতু বাল্যকালেই পিতৃস্নেহ থেকে বঞ্চিত হয়ে যান, তাই মায়ের হাতেই তাঁর লালন-পালন ও তালীম-তরবিয়ত। এ প্রসঙ্গে তিনি বলেন :

আমাকে এমনিতে অনেক স্নেহ করতেন। আব্বাজানের মৃত্যুর পর তাঁর স্নেহ আরও বেড়ে যায়। এতদসত্ত্বেও তিনি দুটি বিষয়ে খুবই কঠোর ছিলেন।

এক. নামাযের ব্যাপারে কোনোরূপ ছাড় দিতেন না।
দুই. আমার দ্বারা কোনো কাজের বুয়ার ছেলে বা গরীব ছেলের সাথে বাড়াবাড়ি, অন্যায় বা তাচ্ছিল্যপূর্ণ আরচণ হলে শুধু ক্ষমা চাওয়া নয়; বরং হাতজোড় পর্যন্ত করাতেন। এতে আমার যতই অপমান হত, তিনি কোনোভাবেই মানতেন না। এর দ্বারা জীবনে আমি অনেক উপকৃত হয়েছি। জুলুম ও অহঙ্কারকে ভয় পেতে শিখেছি। কারও মনে কষ্ট দেওয়া বা কাউকে অপদস্থ করা কবীরা গুনাহ মনে করতে শিখেছি। এরই কারণে সারা জীবন নিজের ভুল স্বীকার করা আমার কাছে সহজ মনে হয়েছে। —
যিকরে খায়ের, পৃ. ৪৭-৪৮

এটি শুধু তাদের দুজনের নয়, বরং যুগ যুগ ধরে সকল আদর্শ মা-বাবার সন্তান প্রতিপালনের পদ্ধতি। একদিকে যারপরনাই আদর-সোহাগ, অপরদিকে যথাযথ তালীম-তারবিয়াত।

এভাবেই তারা সন্তানদেরকে যুগের শ্রেষ্ঠ সম্পদে পরিণত করেছেন। মুসলিম উম্মাহকে উপহার দিয়েছেন হাকীমুল উম্মত ও আলী মিয়ার মতো নক্ষত্র, যেগুলো কিয়ামত পর্যন্ত ঝলমল করতে থাকবে এবং দিশা পেতে থাকবে অসংখ্য অগণিত পথিক। আর নিজেরা ইনশাআল্লাহ অধিকারী হবেন সেই জ্যোতির্ময় মুকুটের, যার সুসংবাদ দিয়েছেন মহানবী সা. তাঁর এই বাণীতে :

যে ব্যক্তি কুরআন কারীম পড়বে এবং তার নির্দেশ মতো আমল করবে কিয়ামতের দিন তার মা-বাবাকে এমন মুকুট পরানো হবে যার আলো সূর্যের আলোর চেয়েও বেশি হবে (যদি সূর্য তোমাদের ঘরে হত) তাহলে যে স্বয়ং আমল করবে তার ব্যাপারে তোমাদের কী ধারণা। —
সুনানে আবু দাউদ, হাদীস ১৪৫৩

আমরাও তাদের কাফেলায় শামিল হওয়ার চেষ্টা করি। নিজ নিজ সন্তানের পেছনে মেহনত করি। তাদের গড়ে তোলার চেষ্টা করি  শ্রেষ্ঠ সম্পদরূপে। আল্লাহর রহমত তো আগে যেমন ছিল এখনো তেমনই আছে। চিরকাল তেমনই থাকবে। প্রয়োজন শুধু একটু বোধ ও ঐকান্তিক প্রচেষ্টা।

কপি: মাসিক আল কাউসার  ( মাওলানা আবদুল্লাহ আলহাসান)

## সন্তানদের নিয়ে কেমন ছিলেন নবী ?

- তিনি শিশুদের গভীরভাবে ভালবাসতেন
- তিনি শিশুদের কোলে তুলে নিতেন এবং তাদের প্রতি প্রচুর ভালবাসা দেখাতেন
- তিনি তাদের প্রতি স্নেহের কারণে তাদের মাথায় হাত বুলিয়ে দিতেন
- তিনি ছোট বাচ্চাদের হাসাতেন
- তিনি পাশ দিয়ে যাওয়া শিশুদের সালাম দিতেন
- সফর থেকে ফেরার সময় তিনি বাচ্চাদের তার পিছনে বসতেন
- তিনি কোনও শিশুর কান্না শুনলে তাঁর নামায সংক্ষিপ্ত করতেন (খাসাইল নববী)

শিশুরা মানবসমাজের এক গুরুত্বপূর্ণ অংশ। আজকের শিশুই আগামী দিনের ভবিষ্যৎ। সম্ভাবনার উৎস। জ্ঞানে গুণে সমৃদ্ধ হয়ে তারাও পৃথিবীকে আলোকিত ও সমৃদ্ধ করবে। ঘুণেধরা সমাজের সব অপসংস্কৃতির বিরুদ্ধে রুখে দাঁড়াবে। সুন্দর সুশৃঙ্খল আর আদর্শ সমাজ বিনির্মাণে তারাও ভূমিকা পালন করবে। শৈশবের নিবিড় পরিচর্যা ও সুন্দর প্রতিপালনই একটা শিশুকে ভবিষ্যতের জন্য যোগ্য করে তোলে। এজন্য আমাদের প্রিয় নবীজি বলেছেন, শিশুদের প্রতি যত্নশীল হতে। শিশুদের প্রতি তাঁর ভালোবাসা ও আচরণ ছিল অনুকরণীয়। আমরা শিশুদের সঙ্গে কেমন আচরণ করব? তাদের সঙ্গে পরিবারের বা কাছের মানুষের আচরণ কেমন হওয়া উচিত? শিশুর মেধা বিকাশে, চরিত্র গঠনে পরিবারের কী প্রভাব- এসব বিষয় সুন্দরভাবে উপস্থাপিত হয়েছে নবী মুহাম্মদ (সা.)-এর কাজে, কথায় ও আচরণে। শিশুদের সঙ্গে নবীজির যাপিত জীবনের খণ্ড খণ্ড কিছু উপদেশ তুলে ধরা হলো।

শিশুদের প্রতি স্নেহশীল হওয়া

প্রিয়নবী (সা.) শিশুদের খুব আদর-স্নেহ করতেন। অন্যদের তাদের প্রতি কোমল আচরণের নির্দেশ দিতেন। তাদের সঙ্গে দয়া ও সহানুভূতির আচরণের উপদেশ দিতেন। পুষ্পতুল্য শিশুদের সর্বদাই তিনি আদর আর স্নেহের চাদরে জড়িয়ে রাখতেন। যারা শিশুদের প্রতি স্নেহশীল না, তাদের তিনি ভর্ৎসনা করেছেন। ইরশাদ হয়েছে, 'যে ব্যক্তি শিশুদের স্নেহ করে না এবং বড়দের সম্মান করে না, সে আমাদের দলভুক্ত না।' (মুসনাদে আহমদ : ২২৬৫৪)।

এ হাদিস থেকে জানা যায়, শিশুর প্রতি স্নেহশীল হওয়া, স্নেহ মমতায় আগলে রাখা শিশুর প্রতি পরিবারের বড়দের নৈতিক দায়িত্ব। নবী (সা.)-এর ভালোবাসা যে হৃদয়ে আছে, সে হৃদয় শিশুর প্রতি স্নেহমমতায় সিক্ত হবে এটি ইসলামের এক অনন্য সৌন্দর্য।

কোমল ভাষায় শুধরে দেওয়া

শিশু বয়সে যেমন শিশু, তেমনি বুঝ-বুদ্ধি সবকিছুতেই শিশু। তাই তাদের থেকে ভুল প্রকাশ পাওয়া খুব স্বাভাবিক। শিশুরা ভুল করলে নবীজি তাদের কোমল ভাষায় বুঝিয়ে দিতেন। রাসুল (সা.) বলেন, আল্লাহতায়ালা হঠকারী ও কঠোরতাকারীরূপে আমাকে প্রেরণ করেননি, বরং সহজ-কোমল আচরণকারী শিক্ষকরূপে প্রেরণ করেছেন।(মুসলিম : ১৪৭৮)।

শিশুদের থেকে ভুল কিছু প্রকাশ পেলে নবী (সা.) কখনো বলতেন না, এটা কেন করেছ? ওটা কেন করনি! নবীজির স্মৃতিধন্য সাহাবী আনাস (রা.) দীর্ঘ ১০ বছর তাঁর সেবায় কাটিয়েছেন। নিজের শৈশবের বর্ণনা দিয়ে তিনি বলেছেন, রাসুল (সা.) আমার কোনো কাজে আপত্তি করে কখনো বলেননি যে, এমনটি কেন করেছ বা এমনটি কেন করনি।' (মুসলিম : ২৩০৯)।

শিশুরা ওবুঝ। জগৎ ও জীবন সম্পর্কে কিছুই বুঝে না। তারা শিশু বয়সে পরিবার ও পরিবেশ থেকে জীবনের পাঠ গ্রহণ করে। পরিবার থেকেই গড়ে ওঠে শিশুদের জীবনবোধ স্বভাব-চরিত্র। বাবা-মা ও পরিবারের অন্যান্য সদস্যদের আচরণ শিশুর জীবনে প্রভাব ফেলে। তাই শিশুদের ভুল ধরা, এ ভুলকে কেন্দ্র করে তাদের প্রতি বয়সের বিবেচনা না করে অতিরিক্ত কঠোর হওয়া অনুচিত। এতে শিশুর মনোবল ভেঙে যায় প্রাণচঞ্চলতা হারায়। থমকে যায় মেধা বিকাশের সম্ভাবনা। এক্ষেত্রে অতিরিক্ত কঠোর না হয়ে কোমল ভাষায় বুঝিয়ে বলা , বলার ভঙ্গিতে শাসনের চেয়ে মমতার অংশই থাকা চাই বেশি। কোমল ভাষায় না বুঝিয়ে ধমকে ধমকে শাসন করে ভুল শুধরে দেওয়ার চেষ্টা করলে শিশুরা ভুল সংশোধনের চেয়ে

ভয়টাই পায় বেশি । যা আশানুরূপ ফল বয়ে আনে না। তাই রাসুলের (সা.) আদর্শ অনুসরণে কোমল হৃদয় ও আন্তরিক বচনে শিশুকে গড়ে তুলতে হবে। আদর ও শাসনের মধ্যে সমন্বয় করতে হবে।

মমতার পরশ বুলিয়ে দেওয়া

ছোটো শিশুদের প্রতি নবীজির ভালোবাসা কখনো প্রকাশ পেত আচরণে-উচ্চারণে, কখনো বা মাথায় স্নেহের পরশ বুলিয়ে দেওয়ার মাধ্যমে। জাফর (রা.) মুতার যুদ্ধে শহিদ হলে তার শোকাহত পরিবারের খোঁজ-খবর ও শান্তনাদানের জন্য নবী কারীম (সা.) জাফর (রা.)-এর বাড়িতে যান। তার পরিবারের অভিভাবকত্ব গ্রহণ করেন এবং তার সন্তানদের আদর করেন, স্নেহের পরশ বুলিয়ে দেন। জাফর (রা.)-এর ছেলে আব্দুল্লাহ (রা.) বড় হয়ে সে মধুর স্মৃতি বর্ণনা করেছেন এভাবে- রাসুল (সা.) এসে আমার মাথায় হাত বুলিয়ে আদর করলেন এবং আমাদের জন্য দোয়া করলেন- হে আল্লাহ্! আপনি নিজেই জাফরের সন্তানদের অভিভাবক হয়ে যান। (মুস্তাদরাকে হাকেম : ১৩৭৯)।

শিশুদের অনুরাগের মূল্যায়ন করা

নবী কারীম (সা.) শিশুদের চাহিদা ও অনুরাগ অনুভূতির মূল্যায়ন করতেন। তারা নবীজিকে সম্বর্ধনা জানানোর জন্য এগিয়ে এলে তিনি তাদের সহাস্যে বরণ করে নিতেন। আদর-সোহাগ করে কখনো তাদের বাহনে উঠাতেন আবার কখনো বা কাঁধে। এক সফরে নবী কারীম (সা.) মক্কায় আগমন করলে আব্দুল মুত্তালিব গোত্রের শিশুরা এগিয়ে এলো নবীজিকে স্বাগত জানানোর জন্যে। তখন তিনি আব্বাসের দুই ছেলে- কুসাম ও ফযলকে তাঁর সঙ্গে বাহনে উঠিয়ে নিলেন। একজনকে বসালেন তঁরা সামনে, অন্যজনকে পেছনে। (বোখারি : ১৭৯৮)।

শিশুদের আবেগ ও অনুভূতিকে মূল্যায়ন করা হলে শিশুরা ধীরে ধীরে চিন্তা-চেতনায় সমৃদ্ধ হতে থাকে, অজানাকে জানার আগ্রহ বাড়তে থাকে। তখন নানা প্রশ্ন জাগে শিশুমনে আর এর সমাধান পেতেচায় বড়দের কাছে।

খেলাধুলার সুযোগ দেওয়া

শিশুদের মন চঞ্চল। তারা খেলাধুলা করতে, চারপাশকে মাতিয়ে রাখতে ভালোবাসে। আয়েশা (রা.)-এর যখন বিবাহ হয় তিনি ছোট ছিলেন। ফলে তিনি বান্ধবীদের সঙ্গে খেলতেন। তিনি বলেন- আমি নবী কারীম (সা.) ঘরে পুতুল দিয়ে খেলা করতাম। আমার (মতো ছোট ছোট) কয়েকজন বান্ধবী আমার সঙ্গে খেলত। নবীজি ঘরে এলে তারা লজ্জায় লুকিয়ে যেত। তখন তিনি একজন একজন করে তাদের আমার কাছে পাঠাতেন। তারা আবার আমার সঙ্গে খেলতে শুরু করত।
(বোখারি : ৬১৩০)।

বিরক্ত না হওয়া

কখনো কোনো শিশুর থেকে অপ্রীতিকর কিছু প্রকাশ হলে নবী (সা.) তা বরদাশত করতেন। সয়ে যেতেন। তিরস্কার কিংবা বিরক্তভাব কখনো তার চেহারায় ফুটে উঠত না। একদিন এক শিশুকে তাহনীক করার জন্য তাঁর কাছে আনা হলো। তিনি শিশুটিকে কোলে বসালেন। শিশুটি তাঁর কোলে প্রস্রাব করে দিল। তখন নবীজি পানি আনিয়ে কাপড়ে পানি ঢেলে দিলেন। (কিন্তু কোনো বিরক্তিভাব প্রকাশ করলেন না।) (বোখারি : ২২২)।

আতঙ্কিত না করা

শিশুদের মন খুবই নরম, অল্পতেই তারা ভয় পেয়ে যায়। তাদের আতঙ্কিত করা ইসলামের শিক্ষা নয়। আবু লায়লা (রা.) বলেন, আমি রাসুল (সা.)-এর কাছে বসা ছিলাম। হাসান বা হুসাইন নবীজির বুকে বসা। হঠাৎ দেখি সে ফিনকি দিয়ে প্রস্রাব করছে। (তাকে সরানোর জন্য) আমরা উঠলাম। তিনি বললেন, আমার ছেলেকে (নাতিকে) প্রস্রাব শেষ করতে দাও। তাকে আতঙ্কিত কর না; পেশাব শেষ করতে দাও। (মুসনাদে আহমাদ : ১৯০৫৯)।

সালাম বিনিময় করা

সালাম ইসলামের চিরন্তন অভিবাদন। ছোটরা বড়দের সালাম দেবে এবং বড়রাও দীক্ষার জন্য ছোটদের সালাম দেবে, এটাই ইসলামের শিক্ষা। আনাস (রা.) শৈশবের স্মৃতিচারণ করতে গিয়ে বলেন, একদা রাসুল (সা.) আমাদের কাছে আসেন। আমরা কয়েকজন শিশু একসঙ্গে ছিলাম। তখন তিনি আমাদের সালাম দেন।
(ইবনে মাজাহ : ৩৭০০)।

শিশুদের উপদেশ দেওয়া

একদিন নবী কারীম (সা.) ইবনে আব্বাস (রা.)-কে ডেকে সওয়ারীতে নিজের পেছনে বসালেন। এরপর তার পিঠে হাত রাখলেন এবং বললেন, প্রিয় বৎস!
আমি কি তোমাকে এমন কিছু কথা শিখিয়ে দেব, যেগুলো দ্বারা আল্লাহ তোমাকে উপকৃত করবেন; সুখের সময় আল্লাহকে চেন, (তাঁর কথা স্মরণে রেখো) দুঃখের সময় তিনি তোমাকে চিনবেন। (মুসনাদে আহমাদ : ২৮০৩)।

লেখক : শিক্ষার্থী, শায়েখ জাকারিয়া ইসলামিক রিসার্চ সেন্টার ঢাকা

**ভদ্রতা**

হজরত আনাস (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি শৈশবে দশ বছর মদীনায় নবীর খেদমত করেছি। আমার সবকিছু তিনি যেভাবে চেয়েছিলেন সেভাবে হয়নি কিন্তু তিনি কখনও কোনও বিষয়ে অসন্তোষ প্রকাশ করেননি বা তিনি কখনও জিজ্ঞাসা করেননি, 'কেন আপনি এটি করলেন?' বা 'কেন আপনি এটি করলেন না?' (আবু দাউদ, ৪৭৭৪)

## লুকমান (আ) এর উপদেশ

وَاِذۡ قَالَ لُقۡمٰنُ لِابۡنِہٖ وَہُوَ یَعِظُہٗ یٰبُنَیَّ لَا تُشۡرِکۡ بِاللّٰہِ ؕؔ اِنَّ الشِّرۡکَ لَظُلۡمٌ عَظِیۡمٌ

অর্থঃ
এবং (সেই সময়কে) স্মরণ কর, যখন লুকমান তার পুত্রকে উপদেশচ্ছলে বলেছিল, হে বাছা! আল্লাহর সাথে শিরক করো না। নিশ্চয়ই শিরক চরম জুলুম।

یٰبُنَیَّ اِنَّہَاۤ اِنۡ تَکُ مِثۡقَالَ حَبَّۃٍ مِّنۡ خَرۡدَلٍ فَتَکُنۡ فِیۡ صَخۡرَۃٍ اَوۡ فِی السَّمٰوٰتِ اَوۡ فِی الۡاَرۡضِ یَاۡتِ بِہَا اللّٰہُ ؕ اِنَّ اللّٰہَ لَطِیۡفٌ خَبِیۡرٌ

অর্থঃ
(লুকমান আরও বলেন) হে বাছা! কোন কিছু যদি সরিষার দানা বরাবরও হয় এবং তা থাকে কোন পাথরের ভেতর কিংবা আকাশমণ্ডলীতে বা ভূমিতে, তবুও আল্লাহ তা উপস্থিত করবেন। নিশ্চয়ই আল্লাহ অতি সূক্ষ্মদর্শী, সবকিছুর খবর রাখেন।

يٰبُنَيَّ اَقِمِ الصَّلٰوةَ وَأْمُرْ بِالْمَعْرُوْفِ وَانْهَ عَنِ الْمُنْكَرِ وَاصْبِرْ عَلٰى مَآ اَصَابَكَ ؕ اِنَّ ذٰلِكَ مِنْ عَزْمِ الْاُمُوْرِ ۚ

অর্থঃ
বাছা! নামায কায়েম কর, মানুষকে সৎকাজের আদেশ কর, মন্দ কাজে বাধা দাও এবং তোমার যে কষ্ট দেখা দেয়, তাতে সবর কর। নিশ্চয়ই এটা অত্যন্ত হিম্মতের কাজ।

وَلَا تُصَعِّرْ خَدَّكَ لِلنَّاسِ وَلَا تَمْشِ فِى الْاَرْضِ مَرَحًا ؕ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ كُلَّ مُخْتَالٍ فَخُوْرٍ ۚ

অর্থঃ
এবং মানুষের সামনে (অহংকারে) নিজ গাল ফুলিও না এবং ভূমিতে দর্পভরে চলো না। নিশ্চয়ই আল্লাহ কোন দর্পিত অহংকারীকে পছন্দ করেন না।

وَاقْصِدْ فِىْ مَشْيِكَ وَاغْضُضْ مِنْ صَوْتِكَ ؕ اِنَّ اَنْكَرَ الْاَصْوَاتِ لَصَوْتُ الْحَمِيْرِ ٪

অর্থঃ
নিজ পদচারণায় মধ্যপন্থা অবলম্বন কর, এবং নিজ কণ্ঠস্বর সংযত রাখ। নিশ্চয়ই সর্বাপেক্ষা নিকৃষ্ট স্বর গাধাদেরই স্বর।

## সন্তানকে নিয়ে হযরত ইবরাহীম আ.-এর স্বপ্ন

সন্তান অমূল্য সম্পদ। সন্তানকে নিয়ে পিতা-মাতা নানা স্বপ্ন দেখেন। কিন্তু আফসোস, সন্তানকে ঘিরে অনেক মা-বাবার স্বপ্ন হয় স্থূল। অনেকেই জানেন না, সন্তানের জন্য কী স্বপ্ন দেখা উচিত। এজন্য শ্রেষ্ঠ ব্যক্তিগণের সীরাত ও জীবনচরিত অধ্যয়ন করা কর্তব্য। আজ আমরা আলোকপাত করব হযরত ইবরাহীম আলাইহিস সালাম সন্তানকে নিয়ে কী স্বপ্ন দেখতেন এবং স্বপ্নের পথে তাকে কীভাবে অগ্রসর করতেন।
হযরত ইবরাহীম আলাইহিস সালাম ছিলেন উচ্চমর্যাদাবান একজন নবী। বহুদিন হয়ে গেছে তাঁর কোনো সন্তান হচ্ছে না। ধীরে ধীরে এই দম্পতির সন্তান জন্মের স্বাভাবিক বয়স পার হয়ে যায়। ইবরাহীম আ.-এর বয়স নব্বই ছুঁইছুঁই আর তাঁর স্ত্রী হাজেরা রা.-এর বয়স আশি ছুঁইছুঁই।

এই জীবনসন্ধ্যায় দাঁড়িয়েও হযরত ইবরাহীম আ. সন্তানশূন্যতার হাহাকার উপেক্ষা করতে পারেননি। দয়াময় আল্লাহর দয়ার দুয়ারে কাতর হয়ে সন্তান প্রার্থনা করেন-

رَبِّ هَبْ لِيْ مِنَ الصّٰلِحِيْنَ.

হে আমার রব! আমাকে নেক সন্তান দান করুন। -সূরা সাফফাত (৫৫) : ১০০

এ দুআটি অনেক শিক্ষণীয়। এ দুআ শিক্ষা দেয়, সন্তানদাতা একমাত্র আল্লাহ তাআলা। সুতরাং শুধু তাঁর কাছেই সন্তান প্রার্থনা করা চাই, অন্য কারো কাছে নয়। অন্য কারো পক্ষে সন্তান দান করা অসম্ভব। তিনি নবী হোক, ওলী হোক কিংবা পীর-বুযুর্গ। তাঁরা নিজেরাই তো আল্লাহর সৃষ্টি ও মুখাপেক্ষী।

এ দুআ আরো শিক্ষা দেয়, আল্লাহর কাছে সর্বদা নেক ও সৎ সন্তান প্রার্থনা করা চাই। তিনি যখনই সন্তান দান করেন, যেন নেক সন্তান দান করেন, যে নিজে উভয় জগতে আলোকিত মানুষ হবে এবং অন্যের মাঝে আলো ছড়াবে, কল্যাণ বয়ে আনবে।

যত দিন যাচ্ছিল ইবরাহীম আ.-এর অন্তরে নেক সন্তানের আকাক্সক্ষা ততই তীব্র হচ্ছিল এবং আল্লাহর দয়ার দুয়ারে ততই দুআ-কাতর হচ্ছিলেন। অবশেষে আল্লাহ তাঁর আকাঙ্ক্ষা পূরণ করেন এবং তাঁকে একজন সহনশীল পুত্র সন্তান দান করেন। এই সন্তানের নাম রাখেন ইসমাঈল। এর অনেক বছর পরে আরেক পুত্র সন্তানের বাবা হন তিনি। তাঁর নাম রাখেন ইসহাক।

একজন অশীতিপর বৃদ্ধ সন্তানের মুখ দেখলে কত খুশি ও আনন্দিত হবে- সহজেই অনুমেয়। হযরত ইবরাহীম আ. শুধু আনন্দিতই হননি; সন্তানদাতা দয়াময় আল্লাহর শোকরে তাঁর হৃদয়জগৎ ভরে যায়। তিনি শোকর আদায় করে বলেন-

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ وَهَبَ لِيْ عَلَي الْكِبَرِ اِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ اِنَّ رَبِّيْ لَسَمِيْعُ الدُّعَآءِ.

সমস্ত প্রশংসা আল্লাহর, যিনি আমাকে বৃদ্ধ বয়সে ইসমাঈল ও ইসহাক দান করেছেন। নিশ্চয় আমার রব দুআ শ্রবণকারী। -সূরা ইবরাহীম (১৪) : ৩৯

এ দুআর বার্তা হল, সন্তানের নিআমত পেলে অহংকার ও উদাসীনতা সমীচীন নয়; বরং সন্তানদাতার শোকর আদায় করা চাই।

এ দুআর আরো বার্তা হল, আল্লাহর উপর পূর্ণ আস্থা ও ভরসা রাখা চাই, তিনি দুআ কবুল করতে পরিপূর্ণ সক্ষম এবং আমার দুআ কবুল করবেন। আল্লাহর রহমত থেকে নিরাশ হওয়া উচিত নয়।

হযরত ইবরাহীম আ. শামে বসবাস করতেন। ইসমাঈল আ.-এর জন্মের পর তিনি স্ত্রী ও সন্তানকে মক্কায় রেখে যান। মক্কায় তখন না জনবসতি ছিল, না জীবন যাপনের উপায়-উপকরণ ছিল। তারপরও তিনি সন্তানকে কেন এখানে রেখে গেলেন- শুনুন কুরআনের ভাষায়-

رَبَّنَآ اِنِّيْٓ اَسْكَنْتُ مِنْ ذُرِّيَّتِيْ بِوَادٍ غَيْرِ ذِيْ زَرْعٍ عِنْدَ بَيْتِكَ الْمُحَرَّمِ رَبَّنَا لِيُقِيْمُوا الصَّلٰوةَ فَاجْعَلْ اَفْـِٕدَةً مِّنَ النَّاسِ تَهْوِيْٓ اِلَيْهِمْ وَارْزُقْهُمْ مِّنَ الثَّمَرٰتِ لَعَلَّهُمْ يَشْكُرُوْنَ.

হে আমাদের রব! আমি আমার কতক সন্তানকে আপনার সম্মানিত ঘরের কাছে শস্যহীন উপত্যকায় (এনে) বসবাস করিয়েছি। হে আমাদের রব! যাতে তারা নামায কায়েম করে। সুতরাং আপনি মানুষের অন্তর তাদের প্রতি অনুরাগী করে দিন এবং তাদেরকে ফলমূল থেকে রিযিক দান করুন, হয়তো তারা শোকর করবে।

-সূরা ইবরাহীম (১৪) : ৩৭

জনবসতি ও জীবন-উপকরণহীন মরুদ্যান মক্কায় কলিজার টুকরোকে রেখে যাওয়ার কারণ হল, এখানে পবিত্র বাইতুল্লাহ অবস্থিত। এর বরকতে সন্তান-সন্ততি নামাযী হবে। দ্বীনী পরিবেশে থাকবে। এ দুআর শিক্ষা হল, সন্তান-সন্ততির জন্য যতটা সম্ভব সুন্দর পরিবেশের ব্যবস্থা করা চাই, যেখানে তারা নামায কায়েম করতে পারবে, দ্বীনের উপর সুন্দরভাবে চলতে পারবে।

আরেকটি শিক্ষা হল, সন্তান-সন্ততির প্রয়োজনীয় রিযিকের জন্যও দুআ করা চাই, যাতে তারা সম্মানজনক জীবন যাপন করতে পারে।

হযরত ইবরাহীম আ. সন্তানের জন্য আল্লাহর কাছে আরো অনেক দুআ করেছেন।

সে সবের একটি হল-

رَبِّ اجْعَلْ هٰذَا الْبَلَدَ اٰمِنًا وَّاجْنُبْنِيْ وَبَنِيَّ اَنْ نَّعْبُدَ الْاَصْنَامَ رَبِّ اِنَّهُنَّ اَضْلَلْنَ كَثِيْرًا مِّنَ النَّاسِ.

হে আমার রব! এই শহরকে নিরাপদ করুন এবং আমাকে ও আমার সন্তান-সন্ততিকে মূর্তিপূজা থেকে দূরে রাখুন। হে আমার রব! ওরা বহু লোককে পথভ্রষ্ট করেছে। -সূরা ইবরাহীম (১৪) : ৩৫-৩৬

এ দুআর শিক্ষা হল, সন্তানাদির জন্য নিরাপদ স্থানের দুআ করা চাই, যেখানে তারা নিরাপদে শান্তিতে বসবাস করতে পারবে।

এ দুআ আরো শিক্ষা দেয়, এ ব্যাপারে পূর্ণ সতর্ক থাকতে হবে, যেন সন্তান-সন্ততি কিছুতেই কুফর ও শিরকে লিপ্ত না হয়; বরং তাওহীদের দৃঢ় ও পরিপূর্ণ বিশ্বাসী হয়।

তিনি আরো দুআ করেন-

رَبِّ اجْعَلْنِيْ مُقِيْمَ الصَّلٰوةِ وَمِنْ ذُرِّيَّتِيْ رَبَّنَا وَتَقَبَّلْ دُعَآءِ.

হে আমার রব! আমাকে নামায কায়েমকারী বানান এবং আমার সন্তান-সন্ততির মধ্য থেকেও। হে আমাদের রব! আর আমার দুআ কবুল করুন। -সূরা ইবরাহীম (১৪) : ৪০

এ দুআর শিক্ষা হল, নিজেও নামাযী হতে হবে, সন্তান-সন্ততি ও বংশধরের নামাযের ব্যাপারে সচেষ্ট হতে হবে। এজন্য আল্লাহর কাছে দুআ করতে হবে।

হযরত ইবরাহীম আ.-এর একমাত্র পুত্র ইসমাঈল আ. বেড়ে ওঠা শুরু করেন। যখন পিতার সঙ্গে ছোটাছুটি করার বয়সে উপনীত হয় তখন পিতা স্বপ্নে দেখেন, তিনি কলিজার টুকরোকে যবেহ করছেন। যদিও এটা স্বপ্ন ছিল; কিন্তু নবীগণের স্বপ্ন ওহী হয়ে থাকে; তাই ইবরাহীম আলাইহিস সালাম একে আল্লাহ তাআলার আদেশ সাব্যস্ত করেন।

স্বপ্নের কথা তিনি একমাত্র পুত্রকে জানিয়ে বলেন-

يٰبُنَيَّ اِنِّيْٓ اَرٰي فِي الْمَنَامِ اَنِّيْٓ اَذْبَحُكَ فَانْظُرْ مَا ذَا تَرٰي قَالَ يٰٓاَبَتِ افْعَلْ مَا تُؤْمَرُ سَتَجِدُنِيْٓ اِنْ شَآءَ اللهُ مِنَ الصّٰبِرِيْنَ فَلَمَّآ اَسْلَمَا وَتَلَّهٗ لِلْجَبِيْنِ.

হে আমরা বৎস! আমি স্বপ্নে দেখি, তোমাকে যবেহ করছি। তাই তুমি চিন্তা করে দেখ, তোমার অভিমত কী? সে বলল, হে আমার পিতা! আপনাকে যে আদেশ করা হয়েছে তা করে ফেলুন। আপনি আমাকে আল্লাহ চাহেন তো অবশ্যই ধৈর্যশীল পাবেন। অতঃপর যখন তারা উভয়ে আদেশ মান্য করল এবং পিতা পুত্রকে উপুড় করে শুইয়ে দিল। -সূরা সাফফাত (৫৫) : ১০২-১০৩

ইবরাহীম আ. মনে মনে এমন সন্তানের কথাই ভাবতেন এবং আল্লাহর কাছেও এমন সন্তানই প্রার্থনা করতেন, যে আল্লাহর পূর্ণ অনুগত হবে, আল্লাহর জন্য জীবন দিতেও বিন্দুমাত্র দ্বিধা করবে না। আল্লাহ তাআলা ঘুমের মধ্যে তাঁর পুত্রকে যবেহ করতে দেখিয়ে তাঁকে পরীক্ষা করেন, তিনি আসলে এমন সন্তান চান কিনা। ইবরাহীম আ. প্রমাণিত করেছেন, তিনি হৃদয়ের গভীর থেকেই এমন সন্তান চান এবং এর জন্য যা দরকার তা করতে তিনি প্রস্তুত। এমন সন্তান তৈরি করতে প্রয়োজন প্রজ্ঞা, কোমলতা, সচেতনতা, সহনশীলতা ও দুআ-কাতরতা। এখানে আমরা দেখেছি, ইবরাহীম আ. বৃদ্ধ বয়সে লব্ধ সম্পদকে আল্লাহর পথে কুরবান করার জন্য কীভাবে প্রস্তুত করেছেন।

আল্লাহ হযরত ইবরাহীম আ.-কে কা'বাঘর নির্মাণের নির্দেশ দেন। তখন তিনি পুত্র ইসমাঈলকে বলেন, আল্লাহ আমাকে একটি কাজের আদেশ করেছেন।

ইসমাঈল বলেন, আপনার রব আপনাকে যে আদেশ করেছেন তা পালন করুন।

তিনি বললেন, তুমি কি আমাকে সহযোগিতা করবে?

ইসমাঈল বললেন, জী, আপনাকে সহযোগিতা করব।

এরপর পিতা-পুত্র মিলে বাইতুল্লাহ নির্মাণ করেন। ইসমাঈল আ. পাথর যোগান দেন আর ইবরাহীম আ. নির্মাণ কাজ করেন। দেয়াল যখন উঁচু হয়ে গেল তখন ইসমাঈল আ. একটি পাথর আনলেন। ইবরাহীম আ. তার উপর দাঁড়িয়ে নির্মাণ কাজ করেন আর ইসমাঈল আ. পাথর যোগান দেন। এ সময় তাঁরা বলছিলেন-

رَبَّنَا تَقَبَّلْ مِنَّا اِنَّكَ اَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ رَبَّنَا وَاجْعَلْنَا مُسْلِمَيْنِ لَكَ وَمِنْ ذُرِّيَّتِنَآ اُمَّةً مُّسْلِمَةً لَّكَ وَاَرِنَا مَنَاسِكَنَا وَتُبْ عَلَيْنَا اِنَّكَ اَنْتَ التَّوَّابُ الرَّحِيْمُ.

হে আমাদের রব! আমাদের পক্ষ থেকে কবুল করুন। নিশ্চয় আপনিই সর্বশ্রোতা, পরিজ্ঞাতা। হে আমাদের রব! আর আমাদের আপনার পূর্ণ অনুগত বানান এবং আমাদের সন্তান-সন্ততির মধ্যেও আপনার অনুগত একটি জামাত বানান এবং আমাদের হজ্বের নিয়মাবলি শিক্ষা দিন এবং আমাদের তওবা কবুল করুন। নিশ্চয় আপনিই তওবা কবুলকারী, অতি মেহেরবান। -সূরা বাকারা (২) : ১২৭-২৮

এ দুআর একটি শিক্ষা হল, সন্তানকে কল্যাণের কাজে অংশ গ্রহণ করতে উৎসাহিত করা চাই, এতে অভ্যাস গড়ে উঠবে।

এ দুআর আরেকটি শিক্ষা হল, কেবল সন্তান নয়; বংশধরের জন্যও দুআ করা উচিত, আল্লাহ যেন কিয়ামত পর্যন্ত তাদের মধ্যে সৎ ও যোগ্য লোক তৈরি করেন, যারা আল্লাহর পূর্ণ অনুগত হবে এবং তাওহীদ ও একত্ববাদে দৃঢ় বিশ্বাসী হবে।

সারকথা হল, হযরত ইবরাহীম আলাইহিস সালাম নেক সন্তানের স্বপ্ন দেখতেন। আল্লাহর পূর্ণ অনুগত সন্তানের স্বপ্ন দেখতেন। তাওহীদের প্রতি দৃঢ় ও পরিপূর্ণ বিশ্বাসী সন্তানের স্বপ্ন দেখতেন। নামাযী সন্তানের স্বপ্ন দেখতেন। পিতা-মাতার অনুগত সন্তানের স্বপ্ন দেখতেন। স্বপ্ন-দেখা সন্তানের জন্য আল্লাহর কাছে কাতর হয়ে দুআ করতেন এবং স্বপ্নপথের যাত্রায় সন্তানকে সহযোগিতা করতেন।

ফুট নোট ( মাসিক আল কাউসার )

## কিছু বেসিক করণীয়:

• পিতামাতার একজন নীরব রেকর্ডার হওয়া উচিত । যেন সন্তান কখনও ভুল কিছু করলেও বাবা মা হিসেবে রাগারাগি না করে ঠান্ডা মাথায় তার সমাধান করতে পারে।

• একটি শিশু একজন মানুষ। তার দোষ গুণ থাকবে এইটাই স্বাভাবিক তাকে তার গুণ গুলো এপ্রিশিয়েট করে দোষ গুলো কে বুঝানোর মাধ্যমে ছাড়াতে হবে।

• তাদের সময় দিন, একটি দৈনিক সময়সূচী তৈরি করে তাদের সাথে সময় কাটানো । বাচ্চাদের সাথে বাবা মা যত বেশি সময় কাটবে তত তাদের সব কিছুতে জানা বুঝা সহজ হবে ।

• পিতামাতার কাছ থেকে পরামর্শ খুব মূল্যবান। সব বিষয়ে অন্যকে বলার আগে বাবা মা কে বলার আন্তরিকতা তৈরি করতে হবে।

• টেলিভিশন / ইন্টারনেট সন্তান লালন-পালন করে না, বাবা-মা সন্তান লালন-পালন করে তাই এগুলো বাসা থেকে সরাতে হবে । এগুলো না কিনা ই ভালো ।

• 'বাবা-মা দুজনেই ডাবল শিফটে কাজ করেন' একজন মুসলমান হিসেবে মায়েদের ঘরে এবং বাবাদের বাহিরে কাজ করতে হয়। সন্তান বাবার থেকে মার সাথে বেশি সময় থাকে । বাবা মা দুজনই চাকুরীজীবী হলে সেই সন্তান টা তখন একা একা বড় হয় হেলপিং হ্যান্ড এর কাছে যেটা সচরাচর অনেক ফ্যামিলি তেই হয় । অন্য মানুষ বাচ্চাটাকে অভাবে ভালো গাইড দিতে পারেনা যেমন টা বাবা মা দেয় টাই সন্তানের ভালোর জন্য মায়েদের ঘরে থাকা ই ভালো একান্তই জব এর প্রয়োজন হলে ডাবল শিফটে জব করা উচিত তাহলে যখন বাবা থাকেনা মা টাইম দিতে পারে সন্তান কে আবার মা না থাকলে বাবা ।

## আমরা আমাদের সন্তানদের কাছ থেকে যা চাই

সন্তান এমন সব কিছু হওয়ার কথা যা আমরা হতে পারিনি এর জন্য প্রশিক্ষণ এবং তারবিয়া লাগে, যা ভালবাসার সাথে আসে

তাদের এমন কিছু শেখাবেন না যা আপনি তাদের সন্তানদের সাথে করতে দেখতে চান না । তাই সবসময় তাদের ঐটাই শিখানো উচিত যেটা তাদের এবং তাদের সন্তান এর জন্য ভালো এবং দুনিয়া ও আখিরাত এ কল্যাণ নিয়ে আসে ।

## সন্তানের অধিকার

উমর রা: কে একজন পিতা ও পুত্র দ্বারা পরিদর্শন করা হয়েছিল।ছেলের বিরুদ্ধে অবাধ্য হওয়ার অভিযোগ আনা হয়। পুত্র বলেছে যে তার বাবা তার অধিকার পূরণ করেনি ।"একজন ভাল, ধার্মিক মহিলাকে বিয়ে করা" একটি ভাল নাম দ্বারা সন্তানের নাম রাখা দ্বীন ও কুরআনের জ্ঞান শিক্ষা দেওয়া" এগুলো সন্তানের অধিকার এবং এগুলো প্রত্যেক বাবা মা দায়িত্ব । যখন কোনো অভিভাবক এই দায়িত্ব গুলো অবহেলা করে তখন ই সন্তান অবাধ্য হয়ে কথা শুনেনা ।

## আখিরাতে সন্তানদের লাঞ্ছনার মাধ্যম হতে দেবেন না

ফোন, গাড়ি, অর্থ ইত্যাদির প্রতি ভালবাসা খুব তাড়াতাড়ি শেখানো হয়। আখলাকের জন্য ট্রেডিং আইটেম । আদাবের জন্য কাপড়ের কেনাবেচা । ভাল কাজের জন্য ট্রেডিং গেমস । পাছে তারা সামান্য দুনিয়ার বিনিময়ে আখিরাতে ব্যবসা করে। এগুলো থেকে সন্তান কে সরাতে হবে একবার এসব বিলাসিতার অভ্যাস হয়ে গেলে সেই সন্তান টা তখন আর ভালো মন্দ কিছুই দেখেনা তার চোখে তখন এসব এর নেশা লেগে যায় । তাই সন্তান কে অপচয় আর বিলাসিতার জীবন না দিয়ে মধ্যম পন্থায় জীবন চালানো শিখাতে হবে ।

### কি করতে হবে

নীতি

-ইসলামী জ্ঞান এবং একটি সঠিক লালন-পালন পিতামাতার কাছ থেকে আসা প্রয়োজন । এর জন্য প্রথমে নিজেকে ধার্মিক পিতা মাতা বানাতে হবে তারপর ই সন্তান ধার্মিক হবে ।

-সহনশীলতা, সহনশীলতা, সহনশীলতা থাকতে হবে ।
- ইসলামী জীবনব্যবস্থা তৈরি করতে হবে ।
-সুন্নাহ চাবিকাঠি। তাই জীবনের প্রতিটা পর্যায় এ নবীজীর সুন্নাত এর উপর আমল করতে হবে ।

**গঠনমূলক বছর**

• বয়স ০-১১
• আলকামা (র:)"যৌবনে আমি যে জ্ঞান শিখেছি তা কাগজে লেখার মতো"
• মনসুর (র:) "কাদামাটি ভিজে গেলে খেলনা তৈরি করা যেতে পারে, কিন্তু যখন এটি শুকিয়ে যায়, তখন এটি থেকে কিছুই তৈরি করা যায় না। ঠিক তেমন ই সন্তান কে ছোট বেলায় ভালো শিক্ষা দিতে হবে বড় হলে সে এইটা পালন করবে । ছোট বেলায় শিক্ষা না দিলে বড় হওয়ার পর আর সেটা তারা মানতে চায়না ।
• তাদেরকে শালীনতা ও উত্তম আচরণ সম্পর্কে শিক্ষা দেয়া। সবার সাথে ভালো ব্যবহার এবং সব ক্ষেত্রে শালীনতা বজায় রেখে চলার শিক্ষা দিতে হবে ।

√ তাদেরকে সুন্নাহ শিক্ষা দিন _

"যে আমার সুন্নাতকে পুনরুজ্জীবিত করবে সে আমাকে ভালবাসবে, আর যে আমাকে ভালবাসল সে আমার সাথে জান্নাতে থাকবে" (তিরমিজি, ২৬৭৮)

√ তাদের সাথে দ্বীন সম্পর্কে কথা বলুন_

শিশুরা জন্মসূত্রে নবী সম্পর্কে জানে না! নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং আমাদের অতীতের আইকন সম্পর্কে গল্পগুলি খুব গুরুত্বপূর্ণ তাদেরকে এগুলো শুনান । তারা এগুলো থেকে ইন্সপায়ার হয়ে তাদের জীবনে টা এপ্লাই করবে ।

## মসজিদ ও উলামায়ে কেরামকে ভালোবাসা

তাদেরকে জ্ঞানী ও জ্ঞানী মানুষকে ভালোবাসতে শেখান । আলেম উলামাদের সম্মান করতে শিখান । তাদেরকে মসজিদ এনে ৫ ওয়াক্ত নামাজ পড়ার অভ্যাস গড়ে তুলুন মসজিদকে ভালোবাসতে শেখান ।অন্য কিছু শেখানোর আগে কুরআন শিক্ষা দিন । কুরআন মানুষের জীবনে ঔষধ , সব কিছুর সমাধান এই কুরআন এ আছে। তাদের মাসনূন দুআ বড় দুয়া ও সূরা শেখান । অল্প বয়সে মুখস্থ করলে সব কিছুই মনে থাকে ।

## সালাহ

যখন বাবা কিংবা মা নামাজ পড়ে তখন বাচ্চারা সেটার সাথে সাথে দেখে পরে তাই বাচ্চাকে নামাজ শিখাতে হলে আগে নিজে নামাজ সঠিক ভাবে পড়া শিখতে হবে আপনার সন্তানের সালাহ সঠিক কিনা তা নিশ্চিত করুন , আপনার সন্তান আপনার নামাজ দেখেই শিখবে । সাত/দশ বছর অপেক্ষা করবেন না । ১৩ বছর বয়সের পর তাদের পরিত্যাগ করবেন না , ছাড় দিবেননা মনে রাখবেন, এটি একটি ফরয কাজ এবং দায়িত্ব। ছুটির দিনগুলো মসজিদেই কাটান আপনার সন্তান কে নিয়ে । তাহলে মসজিদ এর প্রতি তার ভালোবাসা তান বৃদ্ধি পাবে ।

**ভালবাসা , সহানুভূতি এবং বিশ্বাস**

আপনাকে এটি বলতে হবে না, এটি আসলে প্রদর্শন করা ভাল। একটি প্রাকৃতিক আত্মবিশ্বাস রয়েছে যা এই বয়সে অবশ্যই তৈরি করা উচিত সন্তানের মধ্যে । বিশ্বাস তৈরি করা , পিতামাতার উচিত বাচ্চাদের সাথে বিশ্বাস গড়ে তোলা এতে সন্তানদের মনে বাবা মার সাথে সব কিছু শেয়ার করার মানসিকতা হবে এবং এতে একটা বন্ধুত্বপূর্ণ সম্পর্ক হবে ।

**পোশাক**

"হায়া ঈমানের একটি বড় অংশ" (মুসলিম, ৩৫)

"সরলতা ঈমানের অংশ" (আবু দাউদ, ৪১৬১)

পরিষ্কার-পরিচ্ছন্ন পোশাক, ছবিযুক্ত পোশাক এড়িয়ে চলুন

ছেলেদের পোশাক_

সুন্নাহ পোশাকের প্রতি ভালোবাসা রাখা । ইসলামের নিদর্শন হিসেবে শিরস্ত্রাণ। পায়ের গোড়ালির উপরে প্যান্ট পড়ার অভ্যাস করা । সাদা পোশাকের প্রতি ভালোবাসা রাখা । লাল-হলুদ রঙের পোশাক থেকে দূরে থাকা সেগুলো ছেলেদের পড়তে না দেওয়া । ছোট থেকেই সন্তানদের পোশাকের ক্ষেত্রে ইসলামিক রীতি অনুসরণ করা অভিবাবক হিসেবে বাবা মার দায়িত্ব ।

মেয়ে ও হিজাব_

মেয়ে বাচ্চাদের ছোট থেকেই হিজাব পড়ানো এতে বাচ্চাটা বড় হলেও হিজাব এর প্রতি তার মোহাব্বত টা ধরে রাখবে । টাইট-ফিটিং পোশাক এবং ছোট পোশাক এড়ানো । মেয়ে বাচ্চাদের সবসময় ঢিলা ও লম্বা পোশাক পরানো যেন শরীরের গঠন না বুঝা যায় ।

## পরিষ্কার-পরিচ্ছন্নতা

"তাহারাহ ঈমানের অর্ধেক" (মুসলিম, ৪১) ।

পরিষ্কার-পরিচ্ছন্ন থাকার ক্ষেত্রে অধ্যবসায় ।সন্তানকে সবসময় পরিপাটি থাকা মাথা ঢেকে রাখার শিক্ষা দেওয়া । সন্তানকে দৈনন্দিন জীবনের প্রত্যেক ক্ষেত্রে প্রত্যেক সময় সুন্নাহ এর উপর চলার শিক্ষা দেওয়া প্রত্যেক বাবা মা হিসেবে দায়িত্ব ।

## শিষ্টাচার ও চরিত্র

আপনার সন্তানকে জুতো দূরে রাখা । জামাকাপড় সঠিক জায়গায় ঝুলিয়ে রাখা । অন্যের শুকরিয়ায় জাযাকাল্লাহ বলা অন্যকে সাহায্য করা । সৌজন্য শিক্ষা দেওয়া অভিবাবক হিসেবে এসব দায়িত্ব পালন করা । দায়িত্ব অর্পণ করুন সন্তানদের মাঝে । বাড়িতে মাশওয়ারা করুন সন্তানদের সাথে । খুব অল্প বয়স থেকেই কাজের জন্য তাদের উৎসাহ দিন। কখনই তাকে

অলস হতে দিবেননা , নিজের বিছানা নিজে ঠিক করতে বলুন , পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে বলুন। ঘরের কাজ করা , ঘরের কাজে সাহায্য করা সুন্নাহ তাকে শিক্ষা দিন ।

**করণীয় এবং বর্জনীয়**

• কিছু দেওয়া বা শাস্তি দেওয়ার বিষয়ে কখনই মিথ্যা বলবেন না এতে সন্তান এর মাঝে বিশ্বাস এর দিক টা হালকা হয়ে যায় ।

• বাচ্চাদের উদারতার শিক্ষা দিন যেন সে দেওয়া ক্ষেত্রে কৃপণতা না দেখায়।

• স্বাভাবিক সীমার মধ্যে দান করুন।

• "আল্লাহ আপনাকে শাস্তি দেবেন" বলা থেকে বিরত থাকুন। বরং আল্লাহ আপনাকে ভালবাসেন, এবং আল্লাহ্ এর অবাধ্যতায় আল্লাহ অসন্তুষ্ট হবেন এইভাবে বলুন ।

• গোপনীয়তা এড়িয়ে চলুন

• অপমান এড়িয়ে চলুন

• বাচ্চা যদি ভাল কাজ করে তবে তার প্রশংসা করুন, তাকে গর্বিত করুন কখনও তার খারাপ কাজ এ তাকে শক্ত ভাবে শাসন করার বদলি কুরআন ও সুন্নাহ দিয়ে বুঝান তাহলে তার মধ্যে খারাপ কাজ এর অনুশোচনা আসবে ফলে সে আর পরবর্তীতে খারাপ কাজ করবেনা ।

• শাস্তি দেওয়ার পরে খেলা নয়।

• রাগের বশে কখনও আঘাত করবেন না, এতে বাচ্চারা মানসিক ভাবে আঘাত পায় । ঠান্ডা হওয়ার জন্য অপেক্ষা করুন, তারপরে তিনবার চিন্তা করুন এবং দুআ করুন।

**ভিডিও গেম এবং ফোন**

একটি পুরো পরিবারকে ধ্বংস করার জন্য একটি মাত্র ফোনই যথেষ্ট । সন্তানকে  বই দিন, বই পড়তে ভালবাসতে শেখান । ইসলামিক গল্পের বই কিনে দিন । বাসা থেকে সব রকম ডিভাইস সরিয়ে ফেলুন এবং নিজেদের ব্যক্তিগত মোবাইল প্রয়োজনীয় কল ছাড়া বাচ্চাদের সামনে ব্যবহার করবেননা । সন্তানকে ফোনের ভিতরে না নিয়ে বাইরে নিয়ে যান ঘুরতে নিয়ে যান এতে সে মোবাইল এবং ভিডিও গেম থেকে দূরে থাকতে পারবে।

**অনুমতি চাওয়া**

বাহির থেকে ঘরে ঢোকার সময় সালাম দেওয়া সুন্নাহ্ শিখান বাচ্চাদেরকে । নিজের সেটা করুন তাহলে বাচ্চারা দেখেই শিখতে পারবে প্রাক্টিক্যালি আরো ভালো ভাবে । বাবা মার বেডরুমে ঢোকার অনুমতি চাওয়ার শিক্ষা দিন যেন তারা যে কারো রুম এ ঢুকার আগে অনুমতি নেয়। বাবা-মায়ের গোপনীয়তার প্রয়োজন

এই বিষয় এ তাদের কে শিক্ষা দেওয়া উচিত যে বাবা মার অনুমতি ছাড়া তাদের রুম এ বা তাদের কোনো জিনিস ধরা উচিত নয়।

## আরো কিছু সুন্নাহ

সন্তানদের ছোট থেকেই খাবার ঘুম এর সুন্নাহ শিখানো যেন তারা খাবারের আগে মাঝখানে খাবার শেষের সুন্নাহ্ গুলো পালন করে । ঘুমাতে যাওয়ার আগের দোয়া ঘুমানোর সুন্নাহ ঘুম থেকে উঠার সুন্নাহ এগুলো সব শিখান যেন তারা তাদের জীবনের প্রত্যেকটা মুহূর্তে সুন্নাহ মোতাবেক চলার অভ্যাস গড়ে তাহলে বড় হলেও তারা এইটাকে মেইনটেইন করে চলতে পারবে ইন শা আল্লাহ্।

### বাসায় তর্ক

সন্তানের সামনে কখনও স্পর্শকাতর বিষয় নিয়ে আলোচনা করবেন না । কখনই শিশুকে কোনও পক্ষ নেওয়ার চেষ্টা করবেন না । সর্বদা বন্ধ দরজার পিছনে তর্ক ছেড়ে দিন, এবং কখনই এত জোরে করবেন না যাতে বাচ্চারা শুনতে পায় । অন্য পিতামাতার বিরুদ্ধে কখনও সন্তানের পাশে দাঁড়াবেন না। এতে তারা ঘরে সম্মান এবং বাহিরে বড়দের অসম্মান করবে টাই সবসময় সব বড়দের সম্মান করতে শিখান।

### সন্তানদের সাথে সদয় হওয়া

শিশুরা তাদের স্বভাবগত ভাবে পিতামাতাকে ভালবাসে যারা তাদের প্রতি সদয় এবং তাদের সাহায্য করে এবং যারা তাদের যত্ন নেয়, তবে এটি যতটা সম্ভব চিৎকার এবং রাগ ছাড়াই হওয়া উচিত; বরং এটা প্রজ্ঞা এবং ধৈর্যের সাথে হওয়া উচিত।

শিশুটি এমন একটি বয়সে যেখানে তার অবসর এবং খেলার প্রয়োজন; তিনি এমন একটি বয়সে আছেন যেখানে শৃঙ্খলা এবং শিক্ষা উপযুক্ত। তাই সবকিছুকে যথাযথ মনোযোগ দিতে হবে, সংযমের মধ্যে।

যেহেতু শিশুরা সদয় পিতামাতাকে ভালবাসে, এই ভালবাসা তাদের পিতামাতার বাধ্য হওয়ার জন্য একটি শক্তিশালী প্রেরণা দেয় । বিপরীত পরিস্থিতিতে, যদি দয়া অনুপস্থিত থাকে এবং সহিংসতা এবং কঠোরতা থাকে, তবে এটি বিচ্ছিন্নতার দিকে পরিচালিত করবে, যা ফলস্বরূপ হঠকারীতা এবং অবাধ্যতা বা ভয়ের প্রসার ঘটাবে যা শিশুর মধ্যে মিথ্যা এবং প্রতারণার মনোভাব তৈরি করবে।

## সন্তানের মাঝে তুলনা না করা

১। বাচ্চাদের মাঝে কখনো প্রতিদ্বন্দ্বিতা সৃষ্টি করবেন না। তাদের চেহারা সুরত, রঙ, আচারব্যবহার ইত্যাদি নিয়ে কখনো তুলনা করবেন না অন্য সন্তানের সাথে। যেমন ও তোমার থেকে ভাল, ও তোমার আগে খাওয়া শেষ করে, বা পড়া শেষ করে। কিংবা ও ঘর নোংরা করে না। আপনি হয়ত ভাববেন যে আপনি আপনার সন্তানকে শেখাচ্ছেন যেন ও তার ভাই/বোনের মত ভাল হয়, তাকে দেখে শিখে। কিন্তু বাস্তবে এমনটা হবে না। শিশুমন এই কম্পারিজম মেনে নিতে পারে না। তার ভিতর হিংসা সৃষ্টি হয়। আর শয়তান সেই হিংসার আগুনে কেরোসিন ঢেলে দিয়ে দাউদাউ করে জ্বালিয়ে দেয়। এই বয়সের হিংসা এমন ভাবেই মনে গেঁথে যায় যা কিনা আজীবন থাকতে পারে। আজীবন মনে এই ধারণা থাকতে পারে যে মা বাবার চোখে আমার থেকে ও বেশি ভাল। এই ভাবনা বাচ্চাদেরকে গুনাহের কাজ করতেও সাহায্য করে খুব। যখন তারা পরিণত বয়সে পৌঁছে তখন তাদের মনে হয়, আমি তো আগে থেকেই খারাপ। ভাল তো হতে পারলাম না। এখন খারাপ কাজ করলেও বা কার কী, আর এই ভাবনা একটা বাচ্চাকে নেশা, অসৎ সঙ্গ, প্রেম, শারীরিক সম্পর্ক ইত্যাদির মত গুনাহের পথে অবলীলায় নিয়ে যায়।

ভেবে দেখুন সামান্য একটা ভুলে কত বড় ক্ষতি হতে পারে!
ভাই বোনের মাঝে মায়া থাকবে সব সময়, বন্ধুসুলভ আচরণ থাকবে, কাউকেই কারও মত হতে বলবেন না। কারণ বাস্তবেই কেউ কারও মত না। একেকজন একেকরকম তাই তাদের প্রতি তারবিয়াতও হবে ভিন্ন রকম।

২। যেমন তাদের মাঝে তুলনা করবেন না ঠিক তেমনই ভালবাসা বা আদরের ক্ষেত্রেও কম বেশি করবেন না। মাঝে মাঝে কোনো কোনো সন্তানের বেশি খেদমতে, বা আচরণে তাকে অন্যদের থেকে বেশি ভাল লাগে। অনেক সময় একটা বাচ্চা বেশি সুন্দর হলেও অন্যদের তুলনায় তাকে বেশি ভাল লাগে। ওতে দোষের কিছু নাই। কিন্তু দোষটা তখনই হবে যখন মা বাবা এটা প্রকাশ করবেন যে তাদের এই সন্তান থেকে ঐ সন্তানকে বেশি প্রিয়।

আমরা সবাই ইউসুফ আলাইহিসসালামের কাহিনী জানি। ইউসুফ আলাইহিসসালামকে উনার ভাইয়েরা মেরে ফেলতে চেয়েছিল। এক ভাইয়ের দয়া হওয়ায় উনাকে না মেরে কুপে ফেলে দেয়, এরপর দাসী হিসেবে ছোটোভাইটাকে বিক্রি করে দেয় অচেনা এক পথচারীর কাছে। অর্থাৎ আজীবনের জন্য উনাকে বিদায় করে দেয় জীবন থেকে।

একটু কল্পনা করে দেখুন। আপনার সন্তানেরা কিংবা আপনারা ভাইবোনেরা মিলে প্লান করছেন আপনার একটি ভাইকে মেরে ফেলবেন। মেরে তাকে গোপনে দাফন করে দিবেন যেন সে আর কখনো আপনাদের মাঝে না থাকে। আর কেনো করবেন এই কাজটা? কারণ তাকে আপনার মা বাবা বেশি পছন্দ করেন।

শুধু মাত্র এই একটা কারণে, অর্থাৎ আম্মু আব্বু ওকে বেশি ভালবাসে এই একটা কারণে খুনি হয়ে যাচ্ছি আমরা। খুন করার চিন্তা করছি। ভেবে দেখুন কী ভয়ানক এই হিংসা। ইয়াকুব আলাইহিসসালাম একজন নবী ছিলেন। একজন নবী অবশ্যই উত্তম কথা বলেন, উত্তম তারবিয়াত দেন। তাও শয়তানের কঠিন ওয়াসওয়াসা থেকে একজন নবীর আউলাদরা বাদ পড়ে নাই। আর আমরা হলাম গুনাহগার নাফরমান মানুষ, আমাদেরকে তো আর আগেই শয়তান কাবু করবে।

সন্তানদের মাঝে কারও প্রতি বেশি ভালবাসা প্রকাশ করা বা সন্তানদের মাঝে তুলনা করার ব্যাপারে মা বাবাকে খুব কঠোরতা অবলম্বন করতে হবে।

এই সুক্ষ্ম বিষয়গুলো আমাদের নজর এড়িয়ে যায়, অথচ এই সুক্ষ্ম বিষয়গুলোই এমন দানা বাঁধে যার ফল সরূপ ভাই বোন একে অপরকে হিংসা করে, একে অপরের খারাপ চায়, একে অপরের সুখ সহ্য করতে পারে না, একে অপরের শত্রুতে পরিণত হয় এমনকি মা বাবা মারা গেলেও একে অপরকে সম্পদ- জমি থেকে বঞ্চিত করতে চায়! অনেকে তো আজীবনের জন্য

সম্পর্কই ছিন্ন করে। একই মায়ের পেটের সন্তান সবাই, কতটা মিলেমিশে থাকার কথা অথচ এরাই একেকজন এত বড় শত্রু হয় যে দুনিয়াতে আর কোনো সম্পর্ক এত জঘন্য হয় না

মোট কথা, কারও প্রতি কম কারও প্রতি বেশি ভালবাসা প্রকাশ করা যাবে না। আর তাদের মাঝে তুলনা করা যাবে না।

আমার তারবিয়াতুল ইসলাম- দারস থেকে সন্তান তারবিয়াতে মা-বাবার জন্য জরুরী দুটো পয়েন্ট! (যায়নাব আল গাজী আপুর লিখা থেকে নেওয়া )

**দুআ করা**

আপনার সন্তানদের ধার্মিক করার জন্য আল্লাহর কাছে আন্তরিক দুআ করুন
আপনাকে ক্রমাগত দু'আ করতে হবে, বিশেষ করে যখন প্রার্থনার উত্তর দেওয়া হয়, যেমন রাতের শেষ তৃতীয়াংশ, সিজদা করার সময় এবং শুক্রবারে। মহান আল্লাহকে ডাকুন, তিনি মহান হতে পারেন এবং তাঁর কাছে আপনার সন্তানদেরকে ধার্মিক করার জন্য এবং তাদের সরল পথে পরিচালিত করার জন্য দুআ করুন । সন্তানদের জন্য দোয়া করা আল্লাহর নেক বান্দাদের অন্যতম বৈশিষ্ট্য।

رَبَّنَا هَبْ لَنَا مِنْ أَزْوَاجِنَا وَذُرِّيَّاتِنَا قُرَّةَ أَعْيُنٍ وَاجْعَلْنَا لِلْمُتَّقِينَ إِمَاماً

হে আমাদের রব! তুমি আমাদেরকে এমন স্ত্রী-সন্তান দান কর যাদের দর্শনে আমাদের চক্ষুশীতল হয়ে যাবে। তুমি আমাদেরকে পরহেযগার লোকদের ইমাম (অভিভাবক) বানিয়ে দাও।

সূরাঃ আল-ফুরকান [25:74]

বাচ্চাদের তারবিয়াতে যতটা সময় দিবেন তার থেকে বেশি সময় দিবেন দুয়াতে।

আল্লাহ যেন বাচ্চাকে আদব- আখলাক, শান্ত-ভদ্র, অনুগত, গুনধর, সুস্থ-সবল, ঈমান ও তাকওয়া দিয়ে পূর্ণ করে দেন। বাচ্চা যদি কান্না করে, ঘুম-খাবার নিয়ে জ্বালাতন করে, এসব

ঠিক করতে তার পেছন যতটা সময় দিবেন তার থেকে বেশি সময় দিবেন দুয়াতে, আল্লাহ যেন তার এসব দূর করে দেন।

জন্মের আগেও দুয়া করবেন, পরেও করবেন, প্রতিদিন করবেন। বাচ্চা পালায় আপনার একমাত্র হেল্পার যদি আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা হয়ে যান তবে আপনার আর পেরেশানি কিসে?

বাচ্চার জন্য ঘুমাতে পারেন না, বা কাচা ঘুম ভেংগে যাচ্ছে, মাথা ব্যথা করছে, মেজাজ চটে যাচ্ছে, আল্লাহর কাছে দুয়া করেন, আল্লাহ যেন কাচা ঘুম থেকে উঠলেও আপনাকে সম্পূর্ণ সুস্থ রাখেন, আল্লাহ যেন মাথা ব্যথা না দেন, আল্লাহ যেন আপনার মাথা ও দিলে সুকুন দেন, বাচ্চার প্রতি যেন অনেক মায়া দেন।

সন্তান মা-বাবার উপর ভয়াবহ কঠিন এক দায়িত্ব। বাবা থেকে মায়ের বেশি, এই দায়িত্ব আমরা একা কোনোদিন সুন্দরভাবে পালন করতে পারব না যদি না আল্লাহ আমাদের সহায়তা করেন।
লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ এই দুয়াটা বেশি বেশি পড়বেন যখন বাচ্চার প্রতি কোনো কারণে অধৈর্য হয়ে পড়েন।

১০ বছরের আগে বাচ্চার শরীরে আঘাত করা, তাকে খুব তুচ্ছতাচ্ছিল্য করে বকা দেওয়া এটা তার প্রতি জুলুম, তার হক নষ্ট করার শামিল। হাদিসে বাচ্চাদের শাসন করার কথা এসেছে সর্বপ্রথম নামাজের জন্য। যদি ১০ বছর হয়ে যায় তাও নামাজে গাফেল থাকে তবে তখন তাকে প্রহার করা যাবে। আর সেটা কীভাবে? মিসওয়াক দিয়ে হাতে বা পিঠে। তাও প্রথম ২ মাইর নিজের হাতে দিয়ে এরপর ৩য় মাইর বাচ্চাকে দিতে হবে। প্রথম ২ মাইর কেন নিজের হাতে জানেন? এর হিকমা কী?

আমাদের যখন রাগ উঠে, আমরা প্রহার করতে চাই তখন আমাদের হিতাহিতজ্ঞান লোপ পায়। আমরা জোরে আঘাত করি। আর সেই জোরে আঘাতটা যাতে নিজের হাতেই হয় তাই প্রথম ২ আঘাত নিজেকে করতে হবে, এতে রাগও কমবে, ব্যথাটা নিজে পেলে হিতাহিতজ্ঞানও ফিরে আসবে যে বাচ্চার উপর জুলুম যেন না হয়।

আবারও বলি, সন্তান আমাদের কাছে আল্লাহর আমানত। আমরা তাদেরকে কিনে নেই না আল্লাহর থেকে। তাদেরকে উত্তম তারবিয়াত দেওয়া, উত্তম আচরণ করা, সমর্থ্য অনুযায়ী তাদের ভরনপোষণ করা আমাদের দায়িত্ব, এইগুলো পাওয়া তাদের হক।

তাই আমরা বাচ্চার জন্মের আগে থেকে তাদের তারবিয়াত শুরু করব, যাতে তারা শয়তানের প্ররোচনায় না পড়ে। অবাধ্য, বেয়াদব, অশান্ত, ঈমানহীন ইত্যাদি না হয়।

তারা যেন ছোটো থেকেই মা-বাবার বাধ্য থাকে, তাদের জীবনের প্রতিটা গতিপথে যেন মা-বাবার নজর থাকে। কী করছে, কী ভাবছে, কী করবে, কার সাথে মিশবে ইত্যাদি সব কিছুতে সব সময় মা-বাবার তদারকি, সাপোর্ট ও নাসিহা থাকবে। সব সময় কড়া শাসন, রাগ প্রকাশ, লঘু পাপে গুরু দন্ড, তাচ্ছিল্য, নিচু করা এসব যেন না থাকে। বাচ্চাদের সবচেয়ে কাছের বন্ধুটা, আশ্রয়ের জায়গা, শান্তির জায়গাটা যেন মা-বাবা হয় সেটা নিশ্চিত করা মা-বাবার দায়িত্ব।

আমাদের সময়গুলোর হকদার আমাদের সন্তানরা। দৈনন্দিন যত জরুরী কাজকর্ম আছে, সব শেষে যে সময়টুকু থাকে তা শুধুমাত্র তাদেরই প্রাপ্য। তাদের শরীর ও মনের স্পর্শে থাকা খুব জরুরী।

আর এই সমস্ত কিছু আল্লাহ সহজ করে দিবেন যখন আপনি প্রতিনিয়ত আল্লাহর কাছে সাহায্য চাইবেন। বাচ্চা পালার ক্ষেত্রে সবর চাইবেন না। বরং সাহায্য চাইবেন ও যে সমস্যা সেটা থেকে দ্রুত মুক্তি চাইবেন।

( যায়নাব আল গাজী আপুর পেরেনটিং টিপস থেকে কিছু অংশ )

## সন্তানের জন্য কীভাবে উত্তম দুয়া করতে পারি?

সন্তানের জন্য মা বাবার দুয়া আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা কবুল করেন। এক মুসলমানের জন্য অপর মুসলমানের দুয়া আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা কবুল করেন, এই সুযোগ উত্তমভাবে কীভাবে কাজে লাগানো যায়?

৪০ হাদিসের মাঝে একটি হাদিস আছে মায়ের পেটে বাচ্চার বেড়ে ওঠা নিয়ে, প্রতি ৪০দিন অন্তর ফিরিস্তা আল্লাহকে বলতে থাকেন বাচ্চা এখন কোন হালতে আছে। এই হাদিস পড়ার পর মনে হয়েছে, সন্তান যখন গঠন হতে থাকে তখনই তার জন্য দুয়া করার সবচেয়ে উত্তম সময়! কিংবা সন্তান গর্ভে আসার আগে যখন সন্তান চেয়ে আমরা দুয়া করি তখনই সুযোগ সব কিছু আদায় করে নেওয়া রব্বে কারীমের কাছ থেকে।

হাদিসটি-

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " إِنَّ اللَّهَ ـ عَزَّ وَجَلَّ ـ وَكَّلَ بِالرَّحِمِ مَلَكًا يَقُولُ يَا رَبِّ نُطْفَةٌ، يَا رَبِّ عَلَقَةٌ، يَا رَبِّ مُضْغَةٌ. فَإِذَا أَرَادَ أَنْ يَقْضِيَ خَلْقَهُ قَالَ أَذَكَرٌ أَمْ أُنْثَى شَقِيٌّ أَمْ سَعِيدٌ فَمَا الرِّزْقُ وَالأَجَلُ فَيُكْتَبُ فِي بَطْنِ أُمِّه ". ِ

আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত :
তিনি বলেন : রাসুলুল্লাহ ﷺ বলেন : আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা মাতৃগর্ভের জন্য একজন মালা'ইকা নির্ধারণ করেছেন। তিনি (পর্যায়ক্রমে) বলতে থাকেন,
"হে রব! এখন বীর্য-আকৃতিতে আছে।"
"হে রব! এখন জমাট রক্তে পরিণত হয়েছে।"
"হে রব! এখন মাংসপিণ্ডে পরিণত হয়েছে।"

অতঃপর আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা যখন তার সৃষ্টি পূর্ণ করতে চান, তখন জিজ্ঞেস করেন : "পুরুষ, না স্ত্রী? সৌভাগ্যবান, না দুর্ভাগা? রিজিক ও বয়স কত?"
আল্লাহর রাসুল ﷺ বলেছেন : তার মাতৃগর্ভে থাকতেই তা লিখে দেয়া হয়। *

সন্তান এর জন্য এইভাবে দুয়া করা উচিত ,

"ইয়া লাতিফ, ইয়া কারিম, ইয়া রাহিম, ইয়া রাজ্জাক, ইয়া হাইয়ু ইয়া কায়ুইম, ইয়া জুল জালালি ওয়াল ইকরাম, ইয়া আল্লাহ, ইয়া রব্বি, তোমার রাসুলের আহলিয়া আর কন্যাদের মত নাসিব, ঈমানী জজবা, সবর, শোকর, ইবাদাত, পবিত্রতা, মর্যাদাওয়ালা আউলাদ দাও। শহিদি মর্যাদাপ্রাপ্ত সাহাবিদের মত শারীরিক ও মানসিক শক্তিওয়ালা আউলাদ দেও।
শারীরিক ও মানসিক সম্পূর্ণ সুস্থতা দাও, প্রতিটা অংগের পরিপূর্ণতা দাও ও আজীবন সুস্থতা দাও, পর্যাপ্ত উচ্চতা, সৌন্দর্য এবং সুস্বাস্থ্য দাও(এখানে আরও বিস্তারিত চাইতাম, যেমন ঘন সুন্দর চুল, সুন্দর গঠনের চোখ, নাক, কান, ঠোঁট, গাল, নখ, লম্বা-পাতলা আঙুল ইত্যাদি)।

সব ধরনের বিপদআপদ, পরীক্ষা ও অসুস্থতা থেকে মুক্ত রাখো আজীবন। শয়তান, শয়তানের ওয়াসওয়াসা, শিরক, রিয়া, অহংকার,  কুফুরি থেকে আজীবন পানাহ দেও, মানুষের বদ নজর, হাসাদ, নামিমা, গিবত থেকে পানাহ দাও। অভাব ও গরিবি হালত থেকে পানাহ দেও, খাইর ও বরকতময় সম্পদের অধিকারি দাও। রাগ, বদ মেজাজি, নিকৃষ্ট আখলাক, তর্কবাজি থেকে পানাহ দেও এবং উত্তম আখলাক, আদবি বানাও, বিচক্ষণ, বুদ্ধিদীপ্ত  বানাও, আলসে ও বোকা হতে পানাহ দাও। পরোপকারী ও দ্বীনের দায়ী বানাও, জামানার ঈমাম বানাও, দ্বীনের খাদেম বানাও। উত্তম জীবনসঙ্গী মিলিয়ে দেও ও তার নাসিবে যা যা চাচ্ছি, তা তা তার সন্তানের নাসিবেও দেও। তার জীবনসঙ্গীর নাসিবেও দাও। বরং আমার চাওয়া থেকেও আরও উত্তম দেও। তাকে বাধ্য ও চক্ষুশীতলকারি সন্তান বানাও। তাকে ও তার আউলাদদেরকে মাদিনাবাসী বানাও। তাকে ও তার আউলাদদেরকে বাকীতে দাফন হওয়ার নাসিব দাও। তাকে ও তার আউলাদদেরকে জান্নাতুল ফিরদাউসে মাকামে মাহমুদের পাশে মাজলিস দেও ও তোমার দিদার দেখার নাসিব দাও।

বাচ্চা পেটে আসার আগে বা পেটে আসার পর, রুহ আসার আগে, যখন আল্লাহ লিখেন তার নাসিব, আমার মন বলে ঐ সময় এইসব দুয়া করলে আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা নিজ গুনে তা কবুল করলে সন্তানের জন্য এর থেকে উত্তম আর কিছু হতে পারে না।

*[সহিহ বুখারী- ৩১৮]

( যায়নাব আল গাজী আপুর প্যারেন্টিং এর টিপস থেকে দুয়ার আরও কিছু অংশ)

## ইসলামে পিতামাতা কী?

ইসলামে পিতামাতা কুরআনের শিক্ষা এবং নবী মুহাম্মদ (সা.)-এর সুন্নাহ দ্বারা পরিচালিত হয়। এটিকে একটি পবিত্র দায়িত্ব এবং একজন মুসলিমের জীবনের একটি অপরিহার্য দিক হিসেবে দেখা হয়।
ইসলামী অভিভাবকত্বের লক্ষ্য হলো শিশুদেরকে দৃঢ় নৈতিক চরিত্র, তাদের বিশ্বাসের সাথে গভীর সংযোগ এবং সমাজে ইতিবাচক অবদান রাখার ক্ষমতা দিয়ে গড়ে তোলা। তাকে ইসলামিক ভাবে বড় করা ।

## ইসলামে পিতামাতার প্রধান নীতিমালা

১. ইসলামী মূল্যবোধ ও নৈতিকতা:

ছোটবেলা থেকেই সন্তানদের মধ্যে ইসলামী মূল্যবোধ এবং নৈতিক নীতিমালা স্থাপনের জন্য পিতামাতাদের উৎসাহিত করা হয়। এর মধ্যে রয়েছে সততা, দয়া, উদারতা, নম্রতা এবং অন্যদের প্রতি শ্রদ্ধা।

২. তাওহীদ (আল্লাহর একত্ব):

বাবা-মায়ের দায়িত্ব হলো তাদের সন্তানদের আল্লাহর একত্ব (তাওহীদ) সম্পর্কে শিক্ষা দেওয়া এবং ইসলামের মৌলিক নীতির প্রতি দৃঢ় বিশ্বাস গড়ে তোলা। আল্লাহ্ এক তার কোনো শরিক নেই এইটা বিশ্বাস করানো । এখন অনেক বাবা মা আছে যারা সন্তান কে আল্লাহ্ আছে এইটা তো শিখায় কিন্তু শির্ক সম্পর্কে কোনো শিক্ষা দেয়না যার ফলে ওই সন্তান টা কখন তার দ্বীন থেকে সরে যায় বা ইসলাম থেকে মুরতাদ হয়ে যায় নিজেও জানেনা ।

৩. প্রার্থনা ও উপাসনা:

সন্তানদের জীবনে নিয়মিত নামাজ এবং ইবাদতের প্রবর্তন এবং উৎসাহিত করার ক্ষেত্রে পিতামাতারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। নামাজের মাধ্যমে আল্লাহর সাথে সংযোগ স্থাপন করাকে ইসলামী পিতামাতার একটি ভিত্তি হিসেবে বিবেচনা করা হয়। নামাজে সব কিছুর সমাধান আছে এইটা মনে প্রাণে বিশ্বাস করার শিক্ষা দিতে হবে । যেন কঠিন সময় এও সে হায় হুতাশ না করে নামাজে সিজদাহ তে আল্লাহ্ এর কাছে সাহায্য চায় ।

### ইসলামে পরিবারের অভিভাবকত্বের মূল্যবোধ কী?

ইসলামে, পরিবারের মূল্যবোধ অনেক, কিন্তু এগুলো সহজাত এবং বেশিরভাগ মানুষের জন্য স্বাভাবিকভাবেই আসে; তাই, আপনার পরিবারের সদস্যদের ভালোবাসুন, তাদের সাহচর্য উপভোগ করুন এবং তাদের সাথে ন্যায্য আচরণ করুন।

কিন্তু যদি আপনি ভাবছেন, তাহলে সবচেয়ে গুরুত্বপূর্ণ মুসলিম পারিবারিক মূল্যবোধগুলির মধ্যে রয়েছে: বিশ্বাস, সহানুভূতি, সমর্থন এবং পারস্পরিক শ্রদ্ধা।

১- বিশ্বাস:

পরিবারের সদস্যদের মধ্যে বিশ্বাস হল মৌলিক গুণাবলীর মধ্যে একটি, এবং এটি মানুষকে একত্রিত করার ক্ষেত্রে একটি আশ্চর্যজনক প্রভাব ফেলে; কারণ এটি পরিবারের সদস্যদের একে অপরের উপর নির্ভর করতে এবং একে অপরের কাছে তাদের দুর্বলতা প্রকাশ করতে সাহায্য করে। অভিভাবক হিসেবে পিতামাতার উচিত বিশ্বাস টা ধরে রাখা পরিবার এর মধ্যে ।

সততা পরিবারের বিভিন্ন সদস্যের মধ্যে বিশ্বাসের সুতো তৈরি করতে পারে; কারণ তারা আপনার সাথে মিথ্যা বলবে না, আপনার কাছ থেকে কিছু গোপন করবে না, অথবা কখনও প্রতারণা করবে না, এই বিষয়টি নিশ্চিতভাবে জানা আপনাকে গভীরভাবে বিশ্বাস করতে সাহায্য করবে যে তারা বিশ্বাসযোগ্য। তাই সবসময় সত্যি কথা বলতে হবে মিথ্যা বলা পাপ এইটা শিখাতে হবে বাচ্চাদের কে এইভাবেই তারা ছোট থেকে সত্য বলার শিক্ষা পাবে।

২- করুণা:

